Remitly Business অ্যাকাউন্টের চুক্তি

যুক্তরাজ্য

Remitly Business-এ আপনাকে স্বাগত, এই পরিষেবাটি Remitly UK Ltd দ্বারা প্রদান করা হয়, যা ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত একটি সংস্থা এবং যার কোম্পানি নিবন্ধন নম্বর 09896841 (**Remitly**, **আমরা**, **আমাদের** বা **আমাদিগের**)।আমরা ইলেকট্রনিক মানি এবং পেমেন্ট পরিষেবা প্রদানের জন্য ইলেকট্রনিক মানি রেগুলেশনস 2011-এর অধীনে ফিন্যান্সিয়াল কন্ডাক্ট অথরিটি দ্বারা নিয়ন্ত্রিত, যার রেফারেন্স নম্বর হল 1047222। আমাদের নিবন্ধিত কার্যালয় 78 Cannon Street, London EC4N 6AF, United Kingdom-এ অবস্থিত এবং আমাদের কার্যনির্বাহী ঠিকানা হল 90 Whitfield Street, London W1T 4EZ, United Kingdom।

এই Remitly Business অ্যাকাউন্ট চুক্তিতে (**চুক্তি**) সেই শর্তাবলি বর্ণনা করা হয়েছে, যার অধীনে আপনার ব্যবসা (**গ্রাহক**, **আপনি** বা **আপনার**) ব্যবসায়িক উদ্দেশ্যে আন্তর্জাতিকভাবে টাকা ট্রান্সফার করার জন্য আমাদের অর্থ প্রেরণ পরিষেবা (**পরিষেবা** বা **ব্যবসায়িক পরিষেবা**) এবং আমাদের সঙ্গে আপনার খোলা ব্যবসায়িক অ্যাকাউন্টের (**ব্যবসায়িক অ্যাকাউন্ট**) মাধ্যমে আপনার জন্য উপলভ্য করা হতে পারে এমন অন্যান্য ফিচার ব্যবহার করতে পারবে। আমাদের পরিষেবাগুলি অ্যাক্সেস বা ব্যবহার করে, আপনি এই চুক্তি মেনে চলতে এবং এটি দ্বারা আবদ্ধ হতে সম্মত হচ্ছেন। এই চুক্তিটি যুক্তরাজ্যের (**UK**) Remitly Business অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য। এই চুক্তিতে আমরা **Remitly Group**-এরও উল্লেখ করেছি, যার অর্থ Remitly এবং আমাদের গ্রুপের অন্তর্ভুক্ত অন্যান্য কোম্পানি।

আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে, Remitly যেকোনো সময়ে এই চুক্তির কিছু অংশ পরিবর্তন, যোগ বা অপসারণ করা সহ, এই চুক্তি বা নিচে তালিকাভুক্ত যেকোনো নীতি সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। আমরা আপনাকে এই চুক্তিতে করা পরিবর্তনের ব্যাপারে নোটিশ প্রদান করার জন্য যথাসাধ্য চেষ্টা করব। এই চুক্তির অধীনে আপনার অধিকার বা বাধ্যবাধকতার ওপর কোনো পরিবর্তনের নেতিবাচক প্রভাব পড়তে পারে এমন ক্ষেত্রে, সেই পরিবর্তন কার্যকর হওয়ার অন্তত 2 মাস আগে আমরা আপনাকে জানাব। এই চুক্তিতে করা কোনো পরিবর্তন কার্যকর হওয়ার পরে পরিষেবাটি ব্যবহার করা চালিয়ে যাওয়ার মাধ্যমে, আপনি পরিবর্তনগুলির সাথে সম্মত হবেন এবং তা স্বীকার করবেন। আপনি যেকোনো সময় আমাদের ওয়েবসাইটে চুক্তির সবচেয়ে বর্তমান সংস্করণটি পর্যালোচনা করতে পারেন। আপনি সম্মত হচ্ছেন যে, আপনি এই চুক্তিতে কোনো পরিবর্তন করবেন না এবং স্বীকার করছেন যে, আপনার দ্বারা এই চুক্তিতে কোনো পরিবর্তন করার প্রচেষ্টা কার্যকর হবে না।

আপনি যদি এই চুক্তির শর্তাবলিতে আবদ্ধ হতে সম্মত না হন, তাহলে ব্যবসায়িক অ্যাকাউন্ট তৈরি করবেন না। যদি, Remitly Business অ্যাকাউন্ট খোলার পরে, আপনি এই চুক্তিটি বাতিল করতে চান, তাহলে আপনি নিজের Remitly Business অ্যাকাউন্ট পুরোপুরিভাবে বন্ধ করার মাধ্যমে তা করতে পারেন। এই চুক্তি উপভোক্তা সংক্রান্ত পরিষেবাগুলি নিয়ন্ত্রণ করে না। আপনি যদি শুধুমাত্র ব্যক্তিগত, পারিবারিক বা পরিবারের উদ্দেশ্যে Remitly ব্যবহার করার পরিকল্পনা করেন, তাহলে ব্যবসায়িক অ্যাকাউন্ট সেট আপ করবেন না। আপনি যদি ব্যবসায়িক এবং ব্যক্তিগত উভয় উদ্দেশ্যে Remitly ব্যবহার করতে চান, তাহলে এই ধরনের কার্যকলাপ পরিচালনা করার জন্য আপনি আলাদাভাবে একটি উপভোক্তা অ্যাকাউন্ট এবং একটি ব্যবসায়িক অ্যাকাউন্ট সেট আপ করতে পারেন। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

অনুগ্রহ করে এই চুক্তিটি মনোযোগ সহকারে পড়ুন। এই চুক্তির শর্তাবলি আইনিভাবে বাধ্যতামূলক।

1. এই চুক্তি সম্পর্কে

এই চুক্তি সম্পর্কে। এই চুক্তিতে আমরা কীভাবে আমাদের পরিষেবা প্রদান করি এবং আপনি কীভাবে তা ব্যবহার করতে পারেন, তার নিয়ম ও শর্তাবলি বর্ণনা করা হয়েছে। অনুগ্রহ করে এই চুক্তিটি পড়ুন এবং পরিষেবাটি ব্যবহার করার আগে আপনি যে এর শর্তাবলির সাথে সন্তুষ্ট, তা নিশ্চিত করুন। আপনি এই চুক্তির ইলেকট্রনিক ভার্সনটি গ্রহণ করার পরে, এই চুক্তিটি আপনার জন্য আইনত বাধ্যতামূলক হয়ে যাবে। এই চুক্তির কোনো শর্তে আপনি সম্মত হতে না পারলে, আমাদের পরিষেবা ব্যবহার করবেন না। যদি আপনি কোনো কিছু বুঝতে না পারেন বা আরও তথ্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপ্লিকেশনে (**মোবাইল অ্যাপ**) দেওয়া তথ্য দেখুন অথবা [এখানে আমাদের সাথে যোগাযোগ করুন](https://www.remitly.com/us/en/help#contact)।

ভবিষ্যতে রেফারেন্সের জন্য এই চুক্তির একটি কপি রাখতে চাইলে, আপনি এই পেজের উপরে থাকা লিঙ্কে ক্লিক করে চুক্তির PDF ভার্সন ডাউনলোড করতে পারেন। আপনি যেকোনো সময় আমাদের কাছে এই চুক্তির একটি কপির জন্য অনুরোধ করতে পারেন।

সংজ্ঞায়িত পদ। এই চুক্তিতে বড় হাতের অক্ষরে লেখা পদগুলির একটি নির্দিষ্ট অর্থ রয়েছে। সেগুলোর সংজ্ঞা এই চুক্তিতে ব্যাখ্যা করা হয়েছে।

আমরা কোন নিয়মগুলি মেনে চলি। একটি ইলেকট্রনিক অর্থ প্রতিষ্ঠান হিসেবে আমরা Financial Conduct

Authority (রেফারেন্স নম্বর 1047222)-এর নিয়ম ও প্রয়োজনীয়তা মেনে চলি এবং তাদের দ্বারা নিয়ন্ত্রিত। আমরা যুক্তরাজ্যের ইনফরমেশন কমিশনারের কাছেও নিবন্ধিত (নিবন্ধন নম্বর ZA169080)।

অন্যান্য চুক্তি এবং নীতি যা আপনাকে অবশ্যই মেনে চলতে হবে: আমাদের ব্যবসায়িক পরিষেবা ব্যবহার করার মাধ্যমে, আপনি যখনই Remitly-এর মাধ্যমে টাকা পাঠাবেন, তখন আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/gb/en/home/policy) এবং [কুকি নীতি](https://www.remitly.com/gb/en/home/agreement#transaction-terms:~:text=Privacy%20Policy%20and-,Cookie%20Policy,-for%20information%20about) আপনার সেই পরিষেবা ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এছাড়াও, আমরা কীভাবে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং শেয়ার করি সে সম্পর্কে তথ্যের জন্য আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/gb/en/home/agreement#transaction-terms:~:text=If%20you%20want%20to%20Send,and%20share%20your%20personal%20data.) এবং [কুকি নীতি](https://www.remitly.com/gb/en/home/agreement#transaction-terms:~:text=Privacy%20Policy%20and-,Cookie%20Policy,-for%20information%20about) আপনার পড়া উচিত। আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে, আমরা যেকোনো সময় উপরে উল্লিখিত যেকোনো নীতিমালা সংশোধন করার অধিকার সংরক্ষণ করি। **Remitly কোনো নোটিশ বা দায়বদ্ধতা ছাড়াই মোবাইল অ্যাপ, ওয়েবসাইট বা পরিষেবাগুলির সমস্ত বা যেকোনো অংশের অ্যাক্সেস বাতিল, স্থগিত, পরিবর্তন বা সীমাবদ্ধ করতে পারে।**

ব্যবসায়িক অ্যাকাউন্ট ব্যবহার: আমাদের ব্যবসায়িক অ্যাকাউন্টের ফিচারগুলি ব্যবহার করতে হলে, আপনাকে Remitly-তে নিবন্ধন করতে হবে এবং Remitly-র ওয়েবসাইটে অথবা Remitly-র মোবাইল অ্যাপে একটি Remitly Business অ্যাকাউন্ট খুলতে হবে। একটি Remitly Business অ্যাকাউন্ট খোলার জন্য, যদি আপনি ইতিমধ্যেই অ্যাকাউন্ট খুলে না থাকেন, তাহলে আপনাকে অবশ্যই আমাদেরকে নিজের ইমেইল ঠিকানা দিতে হবে এবং একটি পাসওয়ার্ড তৈরি করতে হবে। আপনার ব্যবসা সংক্রান্ত তথ্য যাচাই করার জন্য আমাদের গ্রহণ করতে হবে এমন যেকোনো পদক্ষেপ সফলভাবে সম্পূর্ণ হওয়ার পর, আপনি আপনার Remitly Business অ্যাকাউন্টে অ্যাক্সেস পাবেন। Remitly-তে একটি ব্যবসায়িক অ্যাকাউন্ট তৈরি করার জন্য আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে।

আপনার পোর্টাল: আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট সেট আপ হয়ে গেলে, আপনি আমাদের ওয়েবসাইট বা

মোবাইল অ্যাপের মাধ্যমে আপনার ব্যক্তিগত পোর্টাল (**পোর্টাল**) অ্যাক্সেস করতে পারবেন, যার মাধ্যমে আপনি টাকা ট্রান্সফার করতে পারবেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে পোর্টালটি টাকা পাঠানোর একটি মাধ্যম মাত্র; এটি কোনো অ্যাকাউন্ট (যেমন ব্যাংক অ্যাকাউন্ট বা পেমেন্ট অ্যাকাউন্ট) নয়। আপনি এই পোর্টালে কোনো ধরনের অর্থ বা তহবিল (যেমন ই-মানি) জমা করে রাখতে পারবেন না।

কর্তৃত্ব: আপনি বুঝেছেন এবং সম্মত হচ্ছেন যে এই চুক্তিতে স্বাক্ষরকারী ব্যক্তি আপনার ব্যবসার হয়ে কাজ করার ও আপনার ব্যবসাকে এই চুক্তির সাথে আবদ্ধ করার এবং এই পরিষেবা ব্যবহার করার জন্য অনুমোদিত। আমরা যেকোনো সময় আপনার কাছ থেকে এই ধরনের কর্তৃত্বের প্রমাণ চাইতে পারি। আপনি যদি আমাদের কাছে কর্তৃত্বের গ্রহণযোগ্য প্রমাণ প্রদান না করেন, তাহলে আমরা আপনার Remitly Business অ্যাকাউন্টটি বন্ধ বা স্থগিত করতে পারি বা আপনার অ্যাক্সেস প্রত্যাখ্যান করতে পারি।

যদি আপনার ব্যবসায়িক প্রতিষ্ঠানটি ইউকে কোম্পানিজ হাউস-এ নিবন্ধিত থাকে, তবে কোম্পানিজ হাউসের সাথেও সেটি ভালো স্থিতিতে আছে বলে বিবেচিত হতে হবে। আমরা যেকোনো সময় আপনাকে ভালো স্থিতিতে থাকার প্রমাণ দিতে বলতে পারি। আপনি যদি আমাদের কাছে এমন গ্রহণযোগ্য প্রমাণ প্রদান না করেন, তাহলে আমরা আপনার Remitly Business অ্যাকাউন্ট বন্ধ বা স্থগিত করতে পারি বা আপনার অ্যাক্সেস প্রত্যাখ্যান করতে পারি।

অ্যাকাউন্টের নিরাপত্তা: আপনার Remitly Business অ্যাকাউন্ট শুধুমাত্র আপনার ব্যবসার জন্য। আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের মাধ্যমে ব্যবসা-বহির্ভূত লেনদেন করার অনুমতি আপনার নেই। আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের তথ্য এমন কারো সাথে শেয়ার করা উচিত নয় যার কাছে এই অ্যাকাউন্টটি ব্যবহার করার বা আপনার ব্যবসার হয়ে টাকা পাঠানোর অনুমতি নেই। আপনার যদি মনে হয় যে অন্য কেউ আপনার Remitly Business অ্যাকাউন্ট অ্যাক্সেস করে থাকতে পারে যার এটি অ্যাক্সেস করা উচিত নয়, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার আমাদেরকে জানাতে হবে। আমাদের অনলাইন নোটিফিকেশন সিস্টেমটি [এখানে](https://www.remitly.com/gb/en/help) 24/7 অ্যাক্সেসযোগ্য এবং আপনার অ্যাকাউন্টের নিরাপত্তা সংক্রান্ত নোটিফিকেশন আমাদেরকে পাঠানোর জন্য আপনাকে কোনো খরচ বহন করতে হবে না। **অনুগ্রহ করে এটাও মনে রাখবেন যে আমরা কখনোই আপনার Remitly Business অ্যাকাউন্টের পাসওয়ার্ড চাইব না**। আমরা কীভাবে আপনার তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং শেয়ার করি সে সম্পর্কে জানতে, অনুগ্রহ করে আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/gb/en/home/policy) দেখুন।

2. আপনার এবং আমাদের মধ্যে যোগাযোগ

আমাদের সাথে যোগাযোগ করার উপায়। আমরা আশা করি, আপনি আপনার Remitly Business অ্যাকাউন্ট ব্যবহার করতে ভালোবাসেন। তবে, আপনার প্রয়োজন হলে, আপনি প্রশ্ন বা অভিযোগ নিয়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন, অথবা নিম্নলিখিত যেকোনো একটি উপায়ে অর্থফেরতের অনুরোধ করতে পারেন:

1. অনলাইনে, আমাদের [যোগাযোগ](https://help.remitly.com/s/contact?language=enUS) বা [অভিযোগের](https://www.remitly.com/gb/en/help/article/complaints-process) পেজে,

2. +44-808-169-2816 নম্বরে টেলিফোনের মাধ্যমে, অথবা

3. গ্রাহক পরিষেবার উদ্দেশ্যে আমাদের কার্যনির্বাহী ঠিকানা 90 Whitfield Street, London W1T 4EZ, UK-তে ডাকযোগে পাঠিয়ে।

অনলাইনে, ইমেইলের মাধ্যমে বা আপনার পোর্টালের সাহায্যে আমাদের সাথে যোগাযোগ করতে হলে, আপনার নির্দিষ্ট কিছু সরঞ্জামের প্রয়োজন হবে। এটি এমন একটি মোবাইল ডিভাইস, স্মার্টফোন, ট্যাবলেট বা কম্পিউটার হতে পারে, যা আমাদের পরিষেবা ও সিস্টেমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং আপনাকে ইন্টারনেট ব্যবহারের সুযোগ দেয় (সম্মিলিতভাবে, **সরঞ্জাম**)।

গুরুতর সমস্যা সম্পর্কে আমাদের সঙ্গে যোগাযোগ করা। আপনি যদি মনে করেন যে আপনি কোনো প্রতারণা বা নিরাপত্তা লঙ্ঘনের শিকার হয়েছেন (উদাহরণস্বরূপ, যদি আপনার অনুমতি ছাড়াই আপনার অ্যাকাউন্ট থেকে পরিষেবা ব্যবহার করা হয়ে থাকে অথবা আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টে থাকা ইমেইল ঠিকানাটির অ্যাক্সেস অন্য কেউ চুরি করে নিলে), তাহলে অবিলম্বে টেলিফোনের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা জানতে পাওয়ার পর, নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলির সমাধান না হওয়া পর্যন্ত আমরা আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট এবং পোর্টালের ব্যবহার স্থগিত রাখব। আপনি যদি মনে করেন যে কেউ আমাদের পরিষেবাগুলির অপব্যবহার করছে অথবা আপনি Remitly-এর নাম করে পাঠানো কোনো জাল/ফিশিং ইমেইল পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে সেগুলি আমাদের abuse@remitly.com-এ ফরোয়ার্ড করুন। অনুগ্রহ করে জেনে রাখুন যে, আমরা কখনোই আপনার পোর্টাল পাসওয়ার্ড বা পেমেন্ট সংক্রান্ত তথ্য চাইব না। আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট বা পোর্টালের ক্ষেত্রে জালিয়াতি বা নিরাপত্তার ঝুঁকির সন্দেহ হলে, আমরা সবচেয়ে দ্রুত এবং নিরাপদ মাধ্যম ব্যবহার করে আপনার সাথে যোগাযোগ করব। এটি ফোন কল, টেক্সট মেসেজ বা মোবাইল অ্যালার্টের মাধ্যমে হতে পারে।

আমরা যেভাবে আপনার সাথে যোগাযোগ করব। আমরা ইমেইল বা ফোনের মাধ্যমে (টেক্সট মেসেজ সহ),

আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের মাধ্যমে, আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বা আমাদের মোবাইল অ্যাপে আপনার সাথে যোগাযোগ করব। আইনত বাধ্য না হলে, আমরা ডাকযোগে বা অন্য কোনো অ-ইলেকট্রনিক উপায়ে আপনার সাথে যোগাযোগ করব না। আপনি আমাদের অবহিত করে ইলেকট্রনিক মাধ্যমে যোগাযোগ গ্রহণের জন্য দেওয়া আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন; তবে তা করলে আপনি আমাদের পরিষেবাগুলি ব্যবহার করতে পারবেন না।

আমরা আপনার সাথে যে তথ্য শেয়ার করব। আমরা আপনাকে নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে তথ্য প্রদান করব:

1. এই চুক্তি এবং পরিষেবার আপনার ব্যবহার;
2. পরিষেবা বা Remitly সম্পর্কিত প্রকাশ,
3. গ্রাহক পরিষেবা সংক্রান্ত যোগাযোগ (যার মধ্যে প্রতারণা, নিরাপত্তার হুমকি বা ত্রুটি/পরিষেবার অননুমোদিত ব্যবহার সম্পর্কিত যেকোনো বিষয় অন্তর্ভুক্ত রয়েছে) এবং
4. আইন অনুযায়ী আপনাকে প্রদান করা আবশ্যক এমন অন্য যেকোনো তথ্য।

যোগাযোগ ইংরেজিতে হবে। আমরা ইংরেজি ভাষায় আমাদের পরিষেবা প্রদান করব, আপনার সঙ্গে যোগাযোগ করব এবং আপনার সঙ্গে এই চুক্তিতে সম্মত হব। আপনি পরিষেবা ব্যবহার করার অথবা এই চুক্তিটি পড়ার ও এতে সম্মতি জানানোর সময় যদি আপনার সরঞ্জাম অন্য কোনো ভাষায় সেট করা থাকে, তাহলে কেবল এই চুক্তির ইংরেজি ভার্সন এবং পরিষেবা প্রযোজ্য হবে।

যোগাযোগ কখন পৌঁছে গেছে বলে গণ্য হবে। আমাদের ওয়েবসাইটে নোটিশ প্রকাশিত হওয়ার, আপনাকে ইমেইল বা টেক্সট মেসেজের মাধ্যমে পাঠানোর 24 ঘণ্টার মধ্যে তা আপনার কাছে পৌঁছে গেছে বলে গণ্য হবে। আমরা ডাকযোগে কোনো নোটিশ পাঠালে, পাঠানোর পর দ্বিতীয় কর্মদিবসে সেটি পৌঁছে গেছে বলে গণ্য হবে। **কর্মদিবস** বলতে এমন যেকোনো দিনকে বোঝায় (শনিবার, রবিবার এবং ছুটির দিন বাদে), যেদিন যুক্তরাজ্যের ব্যাংকগুলি কার্যক্রমের উদ্দেশ্যে জনসাধারণের জন্য খোলা থাকে।

আপনি যেকোনো সময় আমাদের ব্যবসায়িক অ্যাকাউন্ট ব্যবহার করা বন্ধ করতে চাইলে, অনুগ্রহ করে আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টটি বন্ধ করুন অথবা সহায়তার জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

3. শুরু করা এবং আমাদের ব্যবসায়িক অ্যাকাউন্ট ব্যবহার করা

আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের সংক্ষিপ্ত বিবরণ\ Remitly-র ব্যবসায়িক পরিষেবা নিবন্ধিত ব্যবসায়িক ব্যবহারকারীদের যুক্তরাজ্য থেকে নির্দিষ্ট কিছু দেশের প্রাপকদের কাছে আন্তর্জাতিকভাবে টাকা ট্রান্সফার করার সুযোগ দেয়। আমরা আমাদের নিজস্ব বিবেচনায় এই দেশগুলির তালিকা পরিবর্তন করতে পারি এবং দেশ যোগ করতে বা বাদ দিতে পারি; এ ধরনের পরিবর্তন কার্যকর হওয়ার আগে আমরা আমাদের ওয়েবসাইটে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করার চেষ্টা করব।

অ্যাকাউন্ট তৈরি করা। এই পরিষেবাটি ব্যবহার করার জন্য, আপনাকে অবশ্যই যুক্তরাজ্যের একটি লিমিটেড কোম্পানি (Ltd.) অথবা একক ব্যবসায়ী হতে হবে। আপনাকে একটি Remitly Business অ্যাকাউন্ট তৈরি করতে হবে। আপনি শুধুমাত্র Remitly-র ওয়েবসাইটে একটি Remitly Business অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন। একটি Remitly Business অ্যাকাউন্ট তৈরি করতে এবং পরিষেবাটি ব্যবহার করতে হলে, আপনাকে নিজের ব্যবসার সম্পর্কে আমাদের কিছু তথ্য প্রদান করতে হবে, যার মধ্যে রয়েছে আপনার নিবন্ধিত ব্যবসার নাম, ব্যবসার ঠিকানা, বাণিজ্যিক নাম, কোম্পানি নম্বর, ইউনিক ট্যাক্সপেয়ার রেফারেন্স (**UTR**), প্রতিষ্ঠার স্থান, ব্যবসার বিবরণ, সত্তার ধরন এবং মালিকানা সংক্রান্ত তথ্য। আপনার Remitly Business অ্যাকাউন্টের মাধ্যমে আমরা আপনার সম্পর্কে নির্দিষ্ট কিছু তথ্য সংরক্ষণ করতে পারি, যা আমাদের [গোপনীয়তা নীতিতে](https://www.remitly.com/gb/en/home/policy) **ব্যাখ্যা করা হয়েছে। এই তথ্যের কোনো পরিবর্তন হলে, যত দ্রুত সম্ভব তা আপডেট করার জন্য আপনাকে গ্রাহক পরিষেবার সঙ্গে যোগাযোগ করতে হবে। অন্যথায়, আমরা আপনার পরিষেবার ব্যবহার স্থগিত করতে পারি।**

Remitly Business অ্যাকাউন্ট তৈরি করার জন্য, আপনি নিম্নলিখিত বিষয়গুলির জন্য দায়ী এবং আপনাকে অবশ্যই:

- আমাদের অনুরোধ অনুযায়ী সম্পূর্ণ, সঠিক এবং সত্য তথ্য প্রদান করতে হবে। আমরা আপনার দেওয়া তথ্যগুলি আপনি আমাদের পরিষেবা ব্যবহার করার জন্য যোগ্য কি না তা নির্ধারণ করতেও ব্যবহার করব; এবং

- নিরাপত্তার ক্রেডেনশিয়াল তৈরি করতে হবে, যেমন একটি পাসওয়ার্ড বা ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর, যা Remitly প্রয়োজনীয় বলে মনে করবে (**নিরাপত্তার ক্রেডেনশিয়াল**) এবং/অথবা আমাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে হবে।

পেমেন্ট ইনস্ট্রুমেন্ট। পেমেন্ট ইন্সট্রুমেন্টের উদাহরণ হল, একটি ব্যাংক অ্যাকাউন্ট, একটি ক্রেডিট বা ডেবিট কার্ড, অথবা পেমেন্ট করার জন্য একটি মোবাইল অ্যাপ্লিকেশন। আপনাকে অবশ্যই আমাদের পরিষেবার সাথে ব্যবহার করতে চান এমন প্রতিটি পেমেন্ট ইন্সট্রুমেন্টে (আপনার **পেমেন্ট ইন্সট্রুমেন্ট**) আমাদেরকে অ্যাক্সেসের অনুমতি দিতে হবে। পরিষেবাটি ব্যবহারের জন্য আপনার কাছে আমাদের কোনো ফি বকেয়া থাকলে, আমরা আপনাকে চার্জ করার জন্য আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্ট(গুলি) ব্যবহার করব।

এই চুক্তিতে উল্লিখিত অন্যান্য শর্তাবলির পাশাপাশি, আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টে থাকা প্রতিটি পেমেন্ট ইন্সট্রুমেন্টের অনুমোদিত ও বৈধ ব্যবহারকারী আপনাকেই হতে হবে এবং সমস্ত পেমেন্ট ইন্সট্রুমেন্টের মেয়াদ উত্তীর্ণ হওয়া যাবে না। আপনি আমাদের এই মর্মে অনুমোদন দিচ্ছেন যে, আমরা আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্টটি ভালো স্থিতিতে আছে কি না তা যাচাই করার জন্য একটি স্বল্প মূল্যের পরীক্ষামূলক পেমেন্টের অনুরোধ পাঠাতে পারি এবং আপনার কার্ড ইস্যুকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় যাচাই সম্পন্ন করতে পারি। পরীক্ষামূলক পেমেন্ট সম্পন্ন করার সময় আমরা আপনার কার্ড ইস্যুকারী প্রতিষ্ঠান এবং যেকোনো পেমেন্ট স্কিমের নিয়ম অনুসরণ করব এবং পরীক্ষামূলক পেমেন্টের অর্থ আপনাকে ফেরত দেবো। উপরন্তু, আপনি ব্যক্ত করছেন এবং নিশ্চয়তা দিচ্ছেন যে:

- পরিষেবার মাধ্যমে আপনার অনুরোধ করা প্রত্যেকটি লেনদেন এই চুক্তি এবং প্রযোজ্য আইন, প্রবিধান ও নিয়ম মেনে চলবে; এবং

- পরিষেবা অ্যাক্সেস এবং তা ব্যবহার করার জন্য, আমাদের বা আমাদের তৃতীয় পক্ষের পরিষেবা প্রদানকারীদের (নিচে সংজ্ঞায়িত), যুক্তিসঙ্গতভাবে প্রয়োজন হতে পারে এমন অন্য যেকোনো পদক্ষেপ আপনি গ্রহণ করবেন।

টাকা ট্রান্সফার শুরু করা। একটি লেনদেন শুরু করার জন্য, লেনদেনের সারসংক্ষেপ পর্যায়ে আপনাকে অবশ্যই “টাকা পাঠান” অথবা “পেমেন্ট করুন” বিকল্পে ক্লিক করতে হবে।

আপনি যখন আপনার অ্যাকাউন্ট থেকে “টাকা পাঠান”, “পেমেন্ট করুন” বা অনুরূপ কোনো বিকল্পে ক্লিক করবেন, তখন আপনি টাকা ট্রান্সফারে সম্মতি প্রদান করবেন।

যদি কোনো কর্মদিবসে যুক্তরাজ্যের সময় বিকেল 5টার আগে টাকা ট্রান্সফারের প্রক্রিয়া শুরু করা হয়, তাহলে পেমেন্ট অর্ডারটি ওই তারিখেই গৃহীত হয়েছে বলে গণ্য হবে। যদি কোনো কর্মদিবসে যুক্তরাজ্যের সময় অনুযায়ী

বিকেল 5টার পরে অথবা কর্মদিবস নয় এমন কোনো দিনে টাকা ট্রান্সফারের প্রক্রিয়া শুরু করা হয়, তাহলে তা পরবর্তী কর্মদিবসে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। লেনদেনটি কখন সম্পন্ন হবে, সে বিষয়ে আমরা আপনাকে জানানোর চেষ্টা করব (এটি আমাদের কাছে লেনদেনের অনুরোধ পৌঁছানোর কয়েক ঘণ্টার মধ্যেও হতে পারে এবং সাধারণত পরবর্তী কর্মদিবস শেষ হওয়ার মধ্যে সম্পন্ন হয়)।

একটি লেনদেন কখন সম্পন্ন বলে গণ্য হয়। আপনার প্রাপককে তার পে-আউট দাবি করার আগে তার স্থানীয় ব্যাংক বা অন্যান্য তৃতীয় পক্ষের আউটলেটের (একটি আর্থিক প্রতিষ্ঠান) সাথে পরিচয় যাচাইকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হতে পারে। কোনো আর্থিক প্রতিষ্ঠান পে-আউট গ্রহণ করলে, তারা সাধারণত তাদের কার্যক্রম পুনরায় চালু হওয়া মাত্রই প্রাপকের জন্য তা অবিলম্বে উপলভ্য করতে বাধ্য থাকে। আপনার প্রাপক কীভাবে পে-আউট গ্রহণ করবেন তার ওপর নির্ভর করে, নিম্নলিখিত ঘটনাগুলি ঘটলে একটি লেনদেন সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে:

1. *ব্যাংক ডিপোজিট* - আপনার প্রাপকের ব্যাংক অ্যাকাউন্টে পে-আউট জমা হলে।
2. *মোবাইল মানি* - পে-আউটের অর্থ আপনার প্রাপকের মোবাইল ওয়ালেটে জমা হলে।
3. *ক্যাশ পিক-আপ* - আপনার প্রাপক ক্যাশ পে-আউট সংগ্রহ করলে।
4. *ক্যাশ ডেলিভারি* - নগদ পে-আউট আপনার প্রাপকের কাছে পৌঁছে দেওয়া হলে।

লেনদেন যেভাবে বাতিল করবেন। লেনদেন সম্পন্ন হওয়ার আগে যেকোনো সময় আপনি [আমাদের সঙ্গে যোগাযোগ করে](https://www.remitly.com/gb/en/home/agreement#2-how-we-communicate-with-you) এবং যে লেনদেনটি বাতিল করতে চান, সেটি শনাক্ত করতে সাহায্য করে এমন তথ্য প্রদান করে লেনদেনটি বাতিল করতে পারেন। যদি লেনদেনটি সম্পন্ন না হয়ে থাকে, তাহলে বাতিল করার জন্য আপনার অনুরোধের 3টি কর্মদিবসের মধ্যে আমরা সাধারণত আপনার ট্রান্সফার করা অর্থের পরিমাণ এবং লেনদেনের জন্য প্রযোজ্য পরিষেবা ফি ফেরত দেবো। তবে, এতে আরও বেশি সময় লাগতে পারে।

আপনার Remitly Business অ্যাকাউন্টের নিরাপত্তা। আপনার নিরাপত্তার ক্রেডেনশিয়াল সুরক্ষিত করার দায়িত্ব সম্পূর্ণরূপে আপনার। আপনার নিরাপত্তার ক্রেডেনশিয়াল সুরক্ষিত রাখার জন্য আপনাকে অবশ্যই সমস্ত যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এর মধ্যে রয়েছে:

1. এই অ্যাকাউন্ট ব্যবহারের জন্য অনুমোদিত অন্য ব্যবহারকারীদের ছাড়া অন্য কারও সঙ্গে আপনার লগইন সংক্রান্ত কোনো তথ্য শেয়ার না করা;
2. সম্ভব হলে, টু-ফ্যাক্টর অথেন্টিকেশন চালু করা;

3. একটি শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা (যাতে অক্ষর, সংখ্যা ও প্রতীকের মিশ্রণ থাকবে) যা সহজে অনুমান করা যায় না;

4. নিয়মিত আপনার পাসওয়ার্ড পরিবর্তন করা এবং আমাদের কাছে থাকা বা অন্য পরিষেবায় ব্যবহৃত আপনার অন্য অ্যাকাউন্টগুলির জন্য একই পাসওয়ার্ড ব্যবহার না করা;

5. আপনার ইমেইল অ্যাকাউন্ট সুরক্ষিত রাখা;

6. আপনার সরঞ্জামে থাকা মোবাইল অ্যাপ, অপারেটিং সিস্টেম এবং ব্রাউজার (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়মিতভাবে উপলভ্য সর্বশেষ ভার্সনে আপডেট করা; এবং

7. আপনার সরঞ্জামে উপযুক্ত অ্যান্টি-ভাইরাস সফটওয়্যার ইনস্টল করা এবং তা রক্ষণাবেক্ষণ করা।

আপনার পাসওয়ার্ড বা Remitly Business অ্যাকাউন্টের কোনো অননুমোদিত ব্যবহার, অথবা অন্য কোনো নিরাপত্তা লঙ্ঘনের ঘটনা ঘটলে, আমাদের সহায়তা কেন্দ্রের মাধ্যমে আপনি অবিলম্বে আমাদের অবহিত করবেন।

4. আমাদের পরিষেবাগুলির জন্য সাধারণ প্রয়োজনীয়তা

যোগ্যতা। ব্যবসায়িক অ্যাকাউন্ট খোলার জন্য আপনার বয়স অবশ্যই 18 বছর বা তার বেশি হতে হবে। আপনাকে অবশ্যই আইনত যুক্তরাজ্যের বাসিন্দা হতে হবে। একটি ব্যবসায়িক অ্যাকাউন্টের যোগ্য হতে হলে আপনার ব্যবসাকে অবশ্যই এর নিবন্ধিত কর্তৃপক্ষের সাথে ভালো স্থিতিতে থাকতে হবে।

নিয়ন্ত্রণকারী ব্যক্তি। আপনি নিশ্চিত করছেন যে আপনি এই ব্যবসার একজন নিয়ন্ত্রক ব্যক্তি। যখন আমরা একজন নিয়ন্ত্রক ব্যক্তিকে উল্লেখ করি, তখন আমরা বোঝাই যে, আপনি এই ব্যবসা পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তি।

ব্যবসায়ের পক্ষে কাজ করার কর্তৃত্ব। আপনি নিশ্চিত করছেন যে আপনি বা আপনার অনুমোদিত ব্যক্তিরাই এই ব্যবসার পক্ষে এই অ্যাকাউন্টের একমাত্র ব্যবহারকারী হবেন। আপনি নিশ্চিত করছেন যে, আপনি যে ব্যবসার পক্ষ থেকে আমাদের পরিষেবা ব্যবহার করছেন, সেই ব্যবসাকে চুক্তিতে আবদ্ধ করার ক্ষমতা আপনার আছে এবং উক্ত ব্যবসা এই চুক্তির শর্তাবলি গ্রহণ করছে। আমরা যেকোনো সময় আপনার কাছ থেকে এই ধরনের কর্তৃত্বের প্রমাণ চাইতে পারি।

আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের অধীনে হওয়া সমস্ত কার্যকলাপের জন্য আপনি দায়ী থাকবেন। অন্যদের

আপনার Remitly Business অ্যাকাউন্ট অ্যাক্সেস করার অনুমতি প্রদান করলে তা আপনাকে এই চুক্তির অধীনে আপনার দায়িত্ব থেকে মুক্তি দেয় না, এতে আপনার Remitly Business অ্যাকাউন্ট বিপন্ন হলে বা কোনো লেনদেন ভুল বা অননুমোদিত বলে সন্দেহ হলে সে ব্যাপারে আমাদেরকে জানানোর মতো বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

আপনাকে অবশ্যই শুধুমাত্র আপনার ব্যবসার জন্য আমাদের পরিষেবাগুলি ব্যবহার করতে হবে। অন্য কোনো ব্যবসার হয়ে বা নিজের ব্যক্তিগত সামর্থ্যের পরিপ্রেক্ষিতে আপনার Remitly Business অ্যাকাউন্ট তৈরি করবেন না বা লেনদেন জমা করবেন না। এই পরিষেবাটি শুধুমাত্র বৈধ ব্যবসার জন্য উপলভ্য, যার অর্থ ব্যবসায়িক গ্রাহকদের তাদের কর্পোরেট বা বাণিজ্যিক সামর্থ্যের মধ্যে ব্যবহারের জন্য উপলভ্য। আপনি যদি অন্য কোনো উদ্দেশ্যে আমাদের পরিষেবা ব্যবহার করেন, তাহলে তা এই চুক্তির লঙ্ঘন হিসেবে গণ্য হবে। আপনি যদি আমাদের পরিষেবাটি আপনার ব্যবসার বাইরে অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করে এই চুক্তির শর্ত ভঙ্গ করেন, তাহলে আমরা আপনার প্রতি দায়বদ্ধতা ছাড়াই যেকোনো সময় আপনার Remitly Business অ্যাকাউন্ট বন্ধ করার, আপনাকে আমাদের পরিষেবার সরবরাহ স্থগিত অথবা বন্ধ করার বা অন্যথায় আপনার দ্বারা আমাদের পরিষেবার ব্যবহার বন্ধ করার অধিকার সংরক্ষণ করি।

আপনার শেয়ার করা তথ্য। আপনার প্রদত্ত সকল তথ্য অবশ্যই সঠিক, সম্পূর্ণ এবং সাম্প্রতিক হতে হবে। এর অর্থ এটাও যে, ভবিষ্যতে যদি আপনার তথ্য পরিবর্তন হয়, তাহলে আপনাকে অবশ্যই আমাদেরকে জানাতে হবে এবং আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট আপডেট করতে হবে। আপনি যদি যুক্তরাজ্যের বাইরে চলে যান, তাহলে আপনার নতুন লোকেশনের জন্য আপনাকে একটি ভিন্ন Remitly Business অ্যাকাউন্ট চুক্তি গ্রহণ করতে হতে পারে এবং আমাদের কিছু পরিষেবা উপলভ্য নাও হতে পারে।

বিধিনিষেধযুক্ত ব্যক্তি এবং অঞ্চল। আইন অনুযায়ী, আমরা নির্দিষ্ট কিছু দেশে এবং নির্দিষ্ট কিছু ব্যক্তিকে পরিষেবা প্রদান করতে পারব না। আপনি যদি এমন কোনো অঞ্চলে অবস্থান করেন বা সেখানে টাকা পাঠাতে চান, যেখানে আমাদের পরিষেবা প্রদান করা আইনত নিষিদ্ধ, তাহলে আপনি আমাদের পরিষেবা ব্যবহার করতে পারবেন না। এ বিষয়ে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [যুক্তরাজ্য সরকারের ওয়েবসাইটে](https://www.remitly.com/gb/en/home/agreement#transaction-terms:~:text=Restricted%20persons%20and,government%20website.) প্রকাশিত বিশেষভাবে মনোনীত নাগরিকদের তালিকা এবং অসহযোগী দেশ ও অঞ্চলগুলির তালিকা দেখুন।

5. মুদ্রা রূপান্তর এবং এক্সচেঞ্জ রেট

আমরা নির্দিষ্ট কিছু মুদ্রায় অর্থ ট্রান্সফার করার সুবিধা প্রদান করি। লেনদেন জমা দেওয়ার সময় আপনি যে মুদ্রা বেছে নেন, তা যদি প্রাপকের মুদ্রার চেয়ে আলাদা হয়, তাহলে সেই লেনদেনে একটি এক্সচেঞ্জ রেট প্রয়োগ করা হয় এবং এতে সামান্য মার্জিন অন্তর্ভুক্ত থাকে, যা আমরা রেখে দিই। যেকোনো সময়ে আমরা যে এক্সচেঞ্জ রেট অফার করি, তা আমাদের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে (**আমাদের এক্সচেঞ্জ রেট**) উপলভ্য রয়েছে এবং এর বেশিরভাগই দিনটি জুড়ে পরিবর্তিত হবে। আপনার সাথে কোনো নির্দিষ্ট এক্সচেঞ্জ রেটে সম্মত না হলে, আমরা লেনদেন প্রক্রিয়া করার সময় আমাদের তৎকালীন এক্সচেঞ্জ রেটে সমস্ত লেনদেন রূপান্তর করব। লেনদেন নিশ্চিতকরণ নোটিশেও আপনাকে এ বিষয়ে জানানো হবে।

আপনার কাছ থেকে ট্রান্সফারের জন্য তহবিল এবং যেকোনো প্রযোজ্য ফি না পাওয়া পর্যন্ত আমরা আপনার মুদ্রা রূপান্তরের প্রক্রিয়াটি সম্পন্ন করব না। মুদ্রা রূপান্তরের জন্য প্রয়োজনীয় অর্থ যেন আমরা যথাসময়ে পাই, তা নিশ্চিত করার দায়িত্ব আপনার; যার মধ্যে আপনার ব্যাংক বা পেমেন্ট পরিষেবা প্রদানকারীর আমাদের কাছে তহবিল পাঠাতে যে সময় লাগে, সেটিও অন্তর্ভুক্ত।

6. আমাদের পরিষেবাগুলি নিরাপদে ব্যবহার করা

আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট এবং পোর্টালের প্রমাণীকরণ। আপনার ব্যাবসায়িক অ্যাকাউন্ট বা পোর্টালে সফলভাবে লগ ইন করার জন্য প্রমাণীকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে আপনাকে কিছু নির্দেশনা অনুসরণ করতে হতে পারে। এর মধ্যে আপনার ইমেইল ঠিকানা এবং পাসওয়ার্ড নিশ্চিত করা অন্তর্ভুক্ত থাকতে পারে, যাতে আমরা নিশ্চিত হতে পারি যে আপনিই আমাদের কোনো নির্দেশনা দিচ্ছেন বা আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টে লগ ইন করছেন, অন্য কেউ নয়।

নিরাপত্তা সংক্রান্ত আপনার দায়িত্বসমূহ। আপনার তথ্য নিরাপদ ও সুরক্ষিত রাখতে আমরা বিভিন্ন নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করি। তবে, আপনারও কিছু নিরাপত্তা সংক্রান্ত দায়িত্ব রয়েছে:

1. আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট এবং পোর্টালের যেন অপব্যবহার না হয় তা নিশ্চিত করুন,
2. আপনার সরঞ্জাম এবং নিরাপত্তা ক্রেডেনশিয়াল সুরক্ষিত রাখুন (আপনার নিরাপত্তা ক্রেডেনশিয়াল সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় ন্যূনতম পদক্ষেপগুলির ব্যাপারে জানতে উপরের **আপনার Remitly অ্যাকাউন্টের নিরাপত্তা** অংশটি দেখুন),
3. আমাদের দ্বারা আপনাকে জানানো যেকোনো নিরাপত্তা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করুন,
4. নিশ্চিত করুন যে পরিষেবা ব্যবহার করার জন্য আপনার শেয়ার করা তথ্যে কোনো ভাইরাস,

ম্যালওয়্যার বা অন্য কোনো ক্ষতিকর তথ্য নেই এবং

5. প্রস্তুতকারকের নির্দেশিকা লঙ্ঘন করে পরিবর্তন করা হয়েছে এমন কোনো সরঞ্জামে আমাদের পরিষেবা ব্যবহার করবেন না।

ফিঙ্গারপ্রিন্ট অ্যাক্সেস। আমরা আপনাকে পরিষেবাটি অ্যাক্সেস করার জন্য আপনার সরঞ্জামে ফিঙ্গারপ্রিন্ট স্ক্যান করার অনুমতি দিতে পারি (উদাহরণস্বরূপ, "TouchID")। এই সুবিধাটি আপনার জন্য উপলভ্য থাকলে এবং আপনি এটি ব্যবহার করতে চাইলে, আপনাকে আপনার সরঞ্জামে মোবাইল অ্যাপটি ডাউনলোড করতে হবে এবং আপনার ফিঙ্গারপ্রিন্ট স্ক্যান করার জন্য মোবাইল অ্যাপটিকে অনুমতি দিতে হবে। অন্য কোনো ব্যক্তির দ্বারা অনিচ্ছাকৃত বা অননুমোদিতভাবে পেমেন্ট করা প্রতিরোধ করতে, আপনার সরঞ্জামে যেন শুধুমাত্র আপনার ফিঙ্গারপ্রিন্টই নিবন্ধিত থাকে, তা নিশ্চিত করুন।

পরিষেবাটি স্থগিত করা। নিম্নলিখিত কারণে আমাদের পরিষেবার অ্যাক্সেস স্থগিত করার প্রয়োজন হতে পারে:

1. প্রযুক্তিগত সমস্যার মোকাবিলা করতে অথবা ছোটখাটো প্রযুক্তিগত পরিবর্তন করতে,

2. আইন বা নিয়ন্ত্রক প্রয়োজনীয়তার পরিবর্তনগুলি প্রতিফলিত করার জন্য পরিষেবা আপডেট করতে;

3. পরিষেবায় অন্যান্য পরিবর্তন আনতে, যার ব্যাপারে আমরা আপনাকে জানিয়েছি, অথবা

4. রক্ষণাবেক্ষণ করতে, যার ব্যাপারে আমরা আপনাকে আগে থেকে জানানোর চেষ্টা করব।

যদি এইসব কারণের জন্য আমাদের পরিষেবা অনুপলভ্য থাকে, তাহলে এর ফলে আপনি কোনো আর্থিক ক্ষতির সম্মুখীন হলে তার জন্য আমরা দায়ী থাকব না।

বিধিনিষেধযুক্ত কার্যকলাপ। আমাদের পরিষেবা ব্যবহার করার সময় কিছু নির্দিষ্ট কার্যকলাপ অনুমোদিত নয়, কারণ সেগুলি অন্যান্য Remitly ব্যবহারকারীদের জন্য আমাদের পরিষেবার নিরাপত্তা এবং নিরাপদ ব্যবহারকে বিঘ্নিত করতে পারে। এই নিষিদ্ধ কার্যকলাপগুলি এবং আপনি এ ধরনের কোনো নিষিদ্ধ কার্যকলাপে জড়িত হলে

আমরা কী কী পদক্ষেপ নিতে পারি, তা নিচে আমাদের গ্রহণযোগ্য ব্যবহারের নীতিতে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে।

যেক্ষেত্রে আমরা কোনো পেমেন্ট অর্ডার কার্যকর করতে অস্বীকার করি, সেক্ষেত্রে আমরা আপনাকে সেই প্রত্যাখ্যানের বিষয়টি, এর কারণ এবং যে সমস্যার কারণে অর্ডারটি প্রত্যাখ্যান করা হয়েছে, তা সমাধানের জন্য প্রয়োজনীয় পদ্ধতিগুলি জানাব (যেমন, যদি আপনি পর্যাপ্ত তহবিল প্রদান না করে থাকেন)। প্রতারণা বা অ্যাকাউন্টের নিরাপত্তা লঙ্ঘনের সঙ্গে পেমেন্ট অর্ডারটি জড়িত বলে সন্দেহ করার কোনো কারণ না থাকলে, পেমেন্ট অর্ডারটি পাওয়ার পরবর্তী কর্মদিবস শেষ হওয়ার মধ্যেই আমরা এটি সম্পন্ন করব। যদি কোনো আইনি বা নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতার কারণে আমাদের এমন নোটিফিকেশন দেওয়া নিষিদ্ধ থাকে, তাহলে আমরা তা করব না।

7. **কোনো লেনদেনে সমস্যা হলে আমাদের জানান।**

আপনার যদি মনে হয় কোনো লেনদেন অননুমোদিত ছিল বা ভুলভাবে সম্পন্ন হয়েছে, তাহলে প্রাপকের কাছে ট্রান্সফার করা অর্থের পরিমাণ উপলভ্য হওয়ার বিষয়টি আমরা আপনাকে জানানোর তারিখ থেকে 13 মাসের মধ্যে আপনাকে অবশ্যই তা আমাদের জানাতে হবে। আপনি যদি এই সময়ের মধ্যে আমাদের অবহিত না করেন, তাহলে আমরা আপনাকে সহায়তা করতে বা অর্থ ফেরত দিতে সক্ষম নাও হতে পারি। এই বিষয়ে আমাদের সাথে যোগাযোগ করার সময় অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্যগুলি প্রদান করুন:

1. আপনার নাম ও ইমেইল ঠিকানা;

2. লেনদেন সংক্রান্ত সমস্যার বিবরণ এবং কেন আপনি এটিকে সমস্যা বলে মনে করেন,

3. আপনার প্রাপকের নাম এবং যদি জানা থাকে, তার টেলিফোন নম্বর বা ঠিকানা,

4. লেনদেনের পরিমাণ, এবং

5. যে লেনদেনের রেফারেন্স নম্বরটি আমাদের দেওয়া রসিদে রয়েছে যা আমরা আপনার লেনদেন প্রক্রিয়াকরণের সময় প্রদান করেছিলাম।

লেনদেনের ত্রুটি সংশোধন। আমরা এই তথ্য পাওয়ার 90 দিনের মধ্যে তা পর্যালোচনা করব এবং কোনো ত্রুটি ঘটেছে কি না, সে বিষয়ে সিদ্ধান্ত নেব। যদি আমরা নির্ধারণ করি যে কোনো ত্রুটি ঘটেছে, তাহলে আমরা দ্রুত এর

সমাধান করব এবং 3টি কর্মদিবসের মধ্যে আপনাকে ফলাফল সম্পর্কে অবহিত করব। আপনার উদ্বেগ যদি কোনো অননুমোদিত লেনদেন সম্পর্কে হয়, তবে আমরা বিষয়টি তদন্ত করব এবং প্রয়োজনে আমরা ত্রুটি সম্পর্কে অবগত হওয়ার পরবর্তী কর্মদিবস শেষ হওয়ার আগেই এবং যত দ্রুত সম্ভব আপনাকে ট্রান্সফার করা অর্থের পরিমাণ এবং পরিষেবা ফি ফেরত দেবো। যদি আমরা সিদ্ধান্ত নিই যে কোনো ত্রুটি ছিল না তাহলে আমরা আপনাকে একটি লিখিত ব্যাখ্যা পাঠাবো। আপনি আমাদের তদন্তে ব্যবহৃত নথিপত্রের কপি চাইতে পারেন।

অননুমোদিত লেনদেনের ক্ষেত্রে অর্থ ফেরত। আমাদের ভুলের কারণে যদি কোনো অননুমোদিত লেনদেন হয়ে থাকে, তাহলে আমরা যত দ্রুত সম্ভব আপনাকে ট্রান্সফার করা অর্থ এবং পরিষেবা ফি ফেরত দেবো। তবে, নিম্নলিখিত ক্ষেত্রে এই অর্থ ফেরত পাওয়া যাবে না:

1. যেক্ষেত্রে আপনার বিজনেস অ্যাকাউন্ট বা পোর্টালের ক্ষতি, চুরি বা অননুমোদিত ব্যবহারের বিষয়টি আপনার জানা উচিত ছিল; সেক্ষেত্রে অননুমোদিত লেনদেনের প্রথম GBP 35 আপনাকে পরিশোধ করতে হবে। তবে অননুমোদিত লেনদেনটি যদি আমাদের (বা আমাদের পক্ষে কাজ করা কোনো তৃতীয় পক্ষের) কোনো পদক্ষেপ নেওয়ার বা পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ার কারণে ঘটে থাকে, অথবা আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট বিপন্ন হতে পারে, প্রতারণামূলক কর্মকাণ্ডের শিকার হয়েছে বলে আপনি আমাদের জানানোর পরে প্রক্রিয়াকরণ করা হয়, তাহলে আপনাকে এই অর্থ

2. পরিশোধ করতে হবে না। যেক্ষেত্রে আপনি ইচ্ছাকৃতভাবে বা চরম অবহেলার কারণে

3. আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট বা পোর্টালের নিরাপত্তাজনিত সমস্যা সম্পর্কে আমাদের অযথা বিলম্ব না করে অবহিত করতে ব্যর্থ হয়েছেন, সেক্ষেত্রে আপনার হওয়া সমস্ত ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন। সেই ক্ষেত্রে, আপনি আমাদের অবহিত করার তারিখ পর্যন্ত আপনার হওয়া ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন।

যেসব বিষয়ে আমরা দায়ী নই। আমাদের ভুলের কারণে হয়নি এমন ক্ষতি বা নিম্নলিখিত কারণে হওয়া ক্ষতির জন্য আমরা দায়ী নই: 1) আমাদের ডিসবার্সমেন্ট পার্টনারের কোনো সমস্যার কারণে, যে আপনার প্রাপককে ট্রান্সফার করা তহবিল প্রদান করে; অথবা 2) আপনি আমাদের ভুল তথ্য প্রদান করার কারণে আমরা কোনো লেনদেন প্রক্রিয়া করতে না পারলে। এসব ক্ষেত্রে আমরা আপনাকে কোনো অর্থ ফেরত দেবো না।

নিশ্চিত ডেলিভারি। আপনি লেনদেন জমা দেওয়ার আগে এবং লেনদেনের রসিদে, আপনার টাকা প্রাপকের কাছে কবে নাগাদ ডেলিভার হওয়ার আশা করতে পারেন তার তারিখ এবং সময় আমরা আপনাকে প্রদান করব। আপনার লেনদেন পাঠানোর আগে বা আপনার রসিদে উভয় ক্ষেত্রেই দেখানো তারিখ এবং সময়ের পরে আপনার টাকা পৌঁছালে, আপনি লেনদেনের জন্য আমাদের চার্জ করা যেকোনো পরিষেবা ফি ফেরত পাওয়ার যোগ্য থাকবেন। আমরা 3টি কর্মদিবসের মধ্যে পরিষেবা ফি ফেরত দেওয়ার চেষ্টা করব। আপনি যদি 3টি কর্মদিবসের

মধ্যে পরিষেবা ফি ফেরত না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে নিচে উল্লিখিত মাধ্যমগুলির মাধ্যমে আমাদের সঙ্গে যোগাযোগ করুন এবং সংশ্লিষ্ট লেনদেনের জন্য চার্জ করা পরিষেবা ফি ফেরত দেওয়ার অনুরোধ জানান। আমাদের গুডউইল গ্যারান্টি, যুক্তরাজ্যে আমাদের পরিষেবা ব্যবহারকারী গ্রাহকদেরকে Remitly UK Ltd.-এর পক্ষ থেকে প্রদান করা হয়। আমাদের গুডউইল গ্যারান্টির জন্য অনুরোধ জানাতে, লেনদেনের তারিখ থেকে 180 দিনের মধ্যে আপনাকে ++44 808-169-2816 নম্বরে আমাদের কল করে অথবা Remitly UK Ltd., 90 Whitfield Street, London W1T 4EZ, the United Kingdom ঠিকানায় চিঠি লিখে আমাদের সাথে যোগাযোগ করতে হবে। আমাদের গুডউইল গ্যারান্টি আপনাকে আপনার আইনি অধিকারের অতিরিক্ত সুবিধা হিসেবে প্রদান করা হয় এবং এটি আইনের অধীনে থাকা আপনার অধিকারকে প্রভাবিত করে না, যেমন আমাদের যুক্তিসঙ্গত দক্ষতা ও সতর্কতার সাথে পরিষেবা প্রদান সম্পর্কিত অধিকার।

আপনি যেভাবে অর্থ ফেরত পাবেন। সমস্ত অর্থ ফেরত, লেনদেনের জন্য ব্যবহৃত একই পেমেন্ট ইন্সট্রুমেন্টে এবং আপনার পরিশোধ করা একই মুদ্রায় প্রদান করা হবে। আপনার লেনদেন জমা দেওয়ার সময়ের পর মুদ্রার মূল্যে কোনো পরিবর্তন হলে ফেরতযোগ্য অর্থের পরিমাণ সমন্বয় করা হবে না। আপনার পেমেন্টের মাধ্যমটি আর কার্যকর না থাকলে এবং আপনাকে অর্থ ফেরত দেওয়ার জন্য আমরা পারস্পরিকভাবে গ্রহণযোগ্য কোনো সমাধান খুঁজে পেতে ব্যর্থ হলে, আমরা আপনাকে অর্থ ফেরত দিতে বাধ্য থাকব না।

8. আমাদের সেবার জন্য মূল্য পরিশোধ করা

আমাদের পরিষেবা ফি। আপনি কোন পরিষেবাগুলি ব্যবহার করছেন, তার ওপর নির্ভর করে, আমরা নির্দিষ্ট কোনো পরিষেবার জন্য পরিষেবা ফি (**পরিষেবা ফি**) চার্জ করতে পারি। কোনো পরিষেবার জন্য পরিষেবা ফি প্রযোজ্য হলে এবং তার পরিমাণ কত, তা পরিষেবাটি ব্যবহার করার আগে আমরা আপনাকে জানিয়ে দেবো, যাতে আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে আপনি পরিষেবাটি ব্যবহার করা চালিয়ে যাবেন কি না। এটি Remitly ওয়েবসাইটের “রেট ও ফি” বিভাগে অথবা আপনার ট্রান্সফারের জন্য একটি করিডর নির্বাচন করার পর Remitly মোবাইল অ্যাপে আপনার জন্য উপলভ্য থাকবে।

আপনি যেভাবে আমাদের পেমেন্ট করতে পারেন। আমরা আপনার পেমেন্ট ইনস্ট্রুমেন্ট থেকে পরিষেবা ফি, ব্যবসায়িক পরিষেবার সঙ্গে সম্পর্কিত অতিরিক্ত অর্থের পরিমাণ, যা সম্পর্কে আমরা আপনাকে আগাম জানাই এবং আমাদের প্রাপ্য অন্য যেকোনো ফি, যা সম্পর্কেও আমরা আপনাকে আগাম জানিয়েছি, চার্জ করব। পেমেন্ট ইন্সট্রুমেন্টগুলি অবশ্যই হতে হবে:

1. একটি ডেবিট বা ক্রেডিট কার্ড, এবং আমরা আপনাকে আগে থেকেই জানিয়ে দেবো আমরা কোন

কোন ব্র্যান্ড গ্রহণ করি (**কার্ডের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট**), অথবা

2. যুক্তরাজ্যের "Faster Payments" (দ্রুততর পেমেন্ট) স্কিম (**ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট**) ব্যবহার করে একটি ব্যাংক ট্রান্সফার।

কার্ডের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট। যদি আপনি কার্ডের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট বেছে নেন, তাহলে আপনি আমাদের পেমেন্ট করার জন্য আপনার কার্ডের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট পদ্ধতি থেকে চার্জ করার অনুমতি দিচ্ছেন।

ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট। আপনি যদি ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট বেছে নেন, তাহলে সেই পেমেন্টটি করার জন্য আপনাকে আমাদের দেওয়া নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে। এছাড়াও, আপনি নিম্নলিখিত ফিচারগুলির মধ্যে যেকোনো একটি বেছে নিতে পারেন:\ *সহজ ব্যাংক ট্রান্সফার* যেখানে আমাদের ওপেন ব্যাংকিং পার্টনাররা (যেমন TrueLayer) আপনার অন্যান্য পরিষেবা প্রদানকারীদের কাছে থাকা অ্যাকাউন্টগুলিতে আপনাকে অ্যাক্সেস প্রদান করার এবং সেই অ্যাকাউন্টগুলি থেকে আমাদের কাছে পেমেন্ট করার জন্য অনুমোদিত। আপনি যদি এই ফিচারটি ব্যবহার করতে চান, তাহলে আমাদের সফলভাবে পেমেন্ট করার জন্য আপনাকে অবশ্যই আপনার অ্যাকাউন্ট অ্যাক্সেস করার বিবরণ সঠিকভাবে লিখতে হবে এবং আমাদের ওপেন ব্যাংকিং পার্টনারদের পরিষেবা ব্যবহার করার জন্য তাদের সাথে সম্মত হওয়া যেকোনো শর্তাবলি মেনে চলতে হবে।

ম্যানুয়াল ব্যাংক ট্রান্সফার - যেখানে আপনার ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্টের নাম অবশ্যই আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টের নামের সাথে একই হতে হবে এবং এটি যুক্তরাজ্যের কোনো ব্যাংক বা বিল্ডিং সোসাইটি অ্যাকাউন্ট থেকে আসতে হবে। আপনাকে আরও যা করতে হবে:

1. যুক্তরাজ্যের Faster Payments স্কিম ব্যবহার করে ইলেকট্রনিকভাবে আমাদের কাছে টাকা ট্রান্সফার করতে হবে (আরও তথ্যের জন্য http://www.fasterpayments.org.uk/ দেখুন)। আমাদের কাছে পেমেন্ট করা শুরু করার আগে, অনুগ্রহ করে আপনার ব্যাংক বা বিল্ডিং সোসাইটির সঙ্গে যোগাযোগ করে নিশ্চিত করুন যে তারা Faster Payment পদ্ধতির মাধ্যমে পেমেন্ট করে,

2. ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্টটি সময়মতো সম্পন্ন করুন, যাতে আমরা আপনাকে জানানো নির্ধারিত সময়সীমার মধ্যে পেমেন্ট পেয়ে যাই, এবং

3. ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্ট করার জন্য আমাদের প্রদান করা একই পেমেন্টের বিবরণ লিখুন (যেমন আমাদের ব্যাংক অ্যাকাউন্টের সর্ট কোড, অ্যাকাউন্ট নম্বর, পেমেন্টের সঠিক পরিমাণ এবং রেফারেন্স নম্বর)। আপনি যদি আমাদের ভুল পেমেন্টের বিবরণ প্রদান করেন, তাহলে আপনার অর্থ পুনরুদ্ধার করা সম্ভব

নাও হতে পারে এবং আপনার কোনো ক্ষতির জন্য আমরা দায়ী থাকব না। অনুগ্রহ করে পেমেন্টের বিবরণ দেওয়ার সময় সতর্ক থাকুন।

ট্যাক্স। আপনি পরিষেবাটি ব্যবহার করার সময় প্রযোজ্য ট্যাক্স সংক্রান্ত আইন মেনে চলতে সম্মত হচ্ছেন; যার মধ্যে যেকোনো রিপোর্টিংয়ের দায়বদ্ধতা এবং আমাদের পরিষেবা ব্যবহারের ফলে প্রদেয় ট্যাক্স পরিশোধ করা অন্তর্ভুক্ত।

ভুল পেমেন্টের পরিণতি। আপনি যদি আমাদের কাছে পেমেন্ট করার সময় উপরের শর্তগুলি মেনে না চলেন, তাহলে আমরা আপনাকে কোনো পূর্ব নোটিশ না দিয়েই তাৎক্ষণিকভাবে আমাদের পরিষেবা ব্যবহার করা থেকে বিরত রাখতে পারি বা আপনার পরিষেবা ব্যবহারের সুযোগ স্থগিত করতে পারি। আমরা আপনার ব্যাংকের মাধ্যমে অর্থায়িত পেমেন্টটিও ফেরত দিতে পারি, তবে তা সম্ভব নাও হতে পারে।

অন্যান্য ফি যা আপনাকে দিতে হতে পারে। যদি আমাদেরকে আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্টের সাথে সম্পর্কিত কোনো সমস্যার কারণে কোনো ফি চার্জ করা হয়, তবে আপনাকে ফি সম্পর্কে জানানোর সাথে সাথেই আমাদের কাছে ওই পরিমাণ টাকা পেমেন্ট করতে আপনি রাজি হচ্ছেন। আপনার ব্যাংক অ্যাকাউন্টে বকেয়া ফি পরিশোধ করার মতো পর্যাপ্ত তহবিল না থাকার কারণে এই ফি ধার্য হতে পারে, অথবা "চার্জব্যাক ফি"-এর কারণে হতে পারে যেখানে কোনো কার্ড ব্যবহারকারী তার ব্যাংকের কাছে দাবি করেন যে তাদের কার্ডে করা পেমেন্টটি অবৈধ ছিল এবং এরপর কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান এই ঘটনার সঙ্গে জড়িত থাকার কারণে Remitly-এর বিরুদ্ধে দাবি জানায়।

পোর্টালের জন্য কোনো অতিরিক্ত ফি নেই। আপনি কোনো নির্দিষ্ট উপায়ে, যেমন মোবাইল অ্যাপের মাধ্যমে পোর্টাল ব্যবহার করলে, তার জন্য আমরা আপনাকে অতিরিক্ত কোনো ফি চার্জ করব না।

পরিষেবা প্রদানকারীর ফি প্রদানের দায়িত্ব আপনার। আপনি যখন আমাদের পরিষেবা ব্যবহার করবেন, তখন ইস্যুকারী এবং আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্ট পরিচালনার সাথে জড়িত অন্য যেকোনো সত্তা (**পরিষেবা প্রদানকারী**) আপনার কাছ থেকে অতিরিক্ত ফি নিতে পারে। উদাহরণস্বরূপ, কিছু ক্রেডিট কার্ড প্রদানকারী আপনার কাছ থেকে অতিরিক্ত ফি এবং সুদ নিতে পারে কারণ তারা আমাদের পরিষেবার জন্য আপনার ক্রেডিট কার্ডের ব্যবহারকে "নগদ অগ্রিম" হিসেবে বিবেচনা করে। আমাদের পরিষেবা ব্যবহারের সাথে সম্পর্কিত আপনার পরিষেবা প্রদানকারীদের দ্বারা চার্জ করা সকল ফি-এর জন্য আপনি একাই দায়ী থাকবেন।

9. ইনভয়েস তৈরি এবং ব্যবস্থাপনা

ক. Remitly, এর বিবেচনার ভিত্তিতে, পরিষেবাটির মাধ্যমে আপনার জন্য ইনভয়েস তৈরি ও সংশ্লিষ্ট ফিচারসমূহ উপলভ্য হতে পারে। এই ফিচারগুলোর প্রাপ্যতা নিশ্চিত নয় এবং Remitly যেকোনো সময় আপনার প্রতি কোনো দায়বদ্ধতা ছাড়াই এমন ফিচারের যেকোনোটি সম্পূর্ণ বা আংশিকভাবে সীমাবদ্ধ, সংশোধন বা বন্ধ করতে পারে। উপলভ্য ক্ষেত্রে, আপনি এই পরিষেবার মাধ্যমে ইনভয়েস তৈরি করতে পারবেন।

খ. আপনি আপনার ইনভয়েস পাঠাতে এবং সেগুলি ট্র্যাক করতে এই পরিষেবাটি ব্যবহার করতে পারবেন। Remitly এই ফিচারগুলো শুধুমাত্র সফটওয়্যার টুল হিসেবে প্রদান করে এবং ইনভয়েসিং, বিলিং, ট্যাক্স বা সম্মতি সংক্রান্ত বিষয়ে আপনার প্রতিনিধি হিসেবে কাজ করে না। পরিষেবাটির এই ফিচারগুলো ব্যবহার করার মাধ্যমে আপনি প্রকাশ করছেন ও নিশ্চয়তা দিচ্ছেন যে, আপনার গ্রাহকদের কাছে ইনভয়েস ও রিমাইন্ডার পাঠানোর জন্য প্রয়োজনীয় সকল অধিকার ও সম্মতি আপনার রয়েছে এবং আপনার ইনভয়েসে থাকা সমস্ত তথ্য সম্পূর্ণ, নির্ভুল ও সংশ্লিষ্ট চুক্তি এবং প্রযোজ্য আইন অনুযায়ী আইনসম্মত।

গ. ইনভয়েসিং ফিচারের মাধ্যমে Remitly কোনো ধরনের ট্যাক্স সংক্রান্ত, আইনি বা সম্মতি সংক্রান্ত পরামর্শ প্রদান করে না। ভুল ঠিকানায় পাঠানো বা প্রাপকের না পাওয়া সহ, পরিষেবাটি ব্যবহার করে আপনার পাঠানো কোনো ইনভয়েস বা রিমাইন্ডারের জন্য Remitly দায়ী নয়। পরিষেবাটির মাধ্যমে তৈরি করা বা পাঠানো ইনভয়েস সম্পর্কিত লেনদেনের বিষয়ে Remitly কোনো দায়ভার গ্রহণ করে না এবং এই সংক্রান্ত যেকোনো বিবাদ নিষ্পত্তির দায়িত্ব আপনার।

ঘ. Remitly প্রতিনিধিত্ব করে না বা নিশ্চয়তা দেয় না যে পরিষেবার মাধ্যমে তৈরি কোনো ইনভয়েস প্রয়োজনীয় কন্টেন্ট, ফর্ম্যাট বা ডেলিভারি পদ্ধতি সহ আপনার বা আপনার ব্যবসার জন্য প্রযোজ্য কোনো আইন, প্রবিধান বা প্রয়োজনীয়তা মেনে চলে। আপনার ইনভয়েসগুলো সমস্ত প্রযোজ্য আইনি এবং নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা পূরণ করে তা নিশ্চিত করার জন্য আপনি একান্তভাবে দায়ী।

10. গ্রহণযোগ্য ব্যবহার

এই ধারাটি এমন শর্তাবলী নির্ধারণ করে যার অধীনে আপনি আমাদের পরিষেবা ব্যবহার করতে পারেন এবং আপনি ব্যবসায়িক অ্যাকাউন্ট অ্যাক্সেস এবং/অথবা ব্যবহার করার সাথে সাথেই তা প্রযোজ্য হবে।

ক. সম্মতি: আপনি আমাদের পরিষেবা শুধুমাত্র আইনসম্মত উদ্দেশ্যে এবং এই চুক্তির শর্তাবলি ও আপনার এবং যেকোনো Remitly সত্তার মধ্যেকার অন্য কোনো চুক্তি অনুসারে ব্যবহার করতে পারবেন। আপনি সমস্ত প্রযোজ্য আইন, বিধি এবং প্রবিধান মেনে পরিষেবা ব্যবহার করতে সম্মত হচ্ছেন, যার মধ্যে অ্যান্টি-মানি লন্ডারিং (**AML**), কাউন্টার-টেরোরিজম ফাইন্যান্সিং (**CTF**) এবং 'আপনার গ্রাহককে জানুন' (**KYC**) সংক্রান্ত প্রবিধান ও 'আপনার ব্যবসাকে জানুন' (**KYB**) সংক্রান্ত প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়। আপনি পরিষেবাগুলি এমন কোনোভাবেই ব্যবহার করতে পারবেন না যা:

- কোনো প্রযোজ্য স্থানীয়, জাতীয় বা আন্তর্জাতিক আইন অথবা প্রবিধান লঙ্ঘন করে অথবা Remitly-এর দ্বারা কোনো প্রযোজ্য আইন বা প্রবিধান লঙ্ঘনের কারণ হয়, যার মধ্যে এমন কোনো দেশ থেকে পরিষেবা অ্যাক্সেস করা অন্তর্ভুক্ত, যেখানে Remitly-এর কার্যক্রম পরিচালনার অনুমতি নেই;
- মানহানিকর, অপবাদমূলক, হুমকিমূলক বা হয়রানিমূলক;
- বেআইনি বা প্রতারণামূলক অথবা যার কোনো বেআইনি বা প্রতারণামূলক উদ্দেশ্য বা প্রভাব রয়েছে;
- অপ্রাপ্তবয়স্কদের ক্ষতি করার উদ্দেশ্যে বা কোনো উপায়ে তাদের ক্ষতি করার চেষ্টা করে;
- অপমানজনক, ক্ষতিকারক বা আমাদের কন্টেন্ট সংক্রান্ত স্ট্যান্ডার্ড মেনে চলে না;
- কোনো অযাচিত বা অননুমোদিত বিজ্ঞাপন, প্রচারমূলক উপাদান বা অন্য কোনো ধরনের স্প্যামের উদ্দেশ্যে ব্যবহৃত হয়;
- ভাইরাস, স্পাইওয়্যার বা অনুরূপ কম্পিউটার কোডের মতো ক্ষতিকারক প্রোগ্রামগুলির সাথে যুক্ত যা কোনো কম্পিউটার সফটওয়্যার বা হার্ডওয়্যারের কার্যকলাপকে বিরূপভাবে প্রভাবিত করার জন্য ডিজাইন করা হয়েছে;
- স্থানীয়ভাবে বা আন্তর্জাতিকভাবে কোনো প্রযোজ্য ট্যাক্স ফাঁকি দেবে বা ট্যাক্স ফাঁকি দেওয়াকে সুবিধাজনক করে তুলবে।

খ. নিষিদ্ধ কার্যকলাপ: আপনি এই পরিষেবাটি বেআইনি লেনদেনের জন্য ব্যবহার করবেন না, যেমন অর্থ পাচার, অবৈধ জুয়া খেলা, জালিয়াতি বা সন্ত্রাসী কার্যকলাপের জন্য টাকা পাঠানো। এছাড়াও আপনি সম্মত হচ্ছেন যে, আপনি এমন কোনো উপায়ে আমাদের পরিষেবা ব্যবহার করবেন না যা আমাদের সিস্টেম বা নিরাপত্তার ক্ষতি করতে পারে, তা নিষ্ক্রিয় করতে পারে, সেটির উপর অতিরিক্ত চাপ সৃষ্টি বা তা নষ্ট করতে পারে।

এই চুক্তিতে, আপনি নিশ্চিত করছেন যে, আপনি এমন কোনো প্রাপককে টাকা পাঠাবেন না যার এই চুক্তির শর্ত লঙ্ঘন করার বিষয়টি আপনার জানা আছে, অথবা ক্রেডিট কার্ড ব্যবহার করে নিজের জন্য নগদ অগ্রিম গ্রহণের উদ্দেশ্যে আমাদের পরিষেবা ব্যবহারের চেষ্টা করবেন না। এছাড়াও, আপনি সম্মত হচ্ছেন যে এই ধারায় নিচে

তালিকাভুক্ত কোনো ব্যবসা বা ব্যবসায়িক কার্যকলাপের সাথে সম্পর্কিত কোনো কাজে আমাদের পরিষেবা কোনোভাবেই ব্যবহার করবেন না। এই তালিকাটি উদাহরণস্বরূপ দেওয়া হয়েছে, তবে এটি পূর্ণাঙ্গ নয়, এবং কোনো গ্রাহক যদি এই ধারা বা এই চুক্তির কোনো অংশ লঙ্ঘন করে থাকেন অথবা আমাদের ঝুঁকি গ্রহণের সীমার বাইরে চলে গেছেন বলে আমাদের মনে হয়, তবে সেক্ষেত্রে আমাদের একান্ত বিবেচনায় আমরা আমাদের পরিষেবা স্থগিত, সীমিত বা বাতিল করার এবং/অথবা আপনার অ্যাকাউন্ট বন্ধ করার অধিকার সংরক্ষণ করি।

- প্রাপ্তবয়স্কদের বিনোদন-ভিত্তিক পণ্য বা পরিষেবা (ইন্টারনেট, টেলিফোন বা প্রিন্ট করা সামগ্রী সহ যেকোনো মাধ্যমে);
- মদের ব্যবসা;
- তামাকজাত দ্রব্য;
- গাঁজা;
- কিছু নিয়ন্ত্রিত পদার্থ বা অন্যান্য পণ্য যা উপভোক্তাদের নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ;
- নেশাদ্রব্য তৈরির সামগ্রী;
- ফার্মাসিউটিক্যালস;
- রাসায়নিক পদার্থ;
- নকল বা অননুমোদিত পণ্য (যেমন, ডিজাইনার এবং/অথবা ব্র্যান্ডের পণ্যের অননুমোদিত বিক্রয়);
- জুয়া;
- মেধাসম্পদ বা মালিকানার অধিকার লঙ্ঘন;
- যে আইনি অঞ্চলে অফার করা হচ্ছে সেখানে বৈধ নয় এমন পণ্য ও পরিষেবা;
- আগ্নেয়াস্ত্র, আগ্নেয়াস্ত্রের অংশ, গোলাবারুদ, অস্ত্র বা শারীরিক ক্ষতি করার জন্য ডিজাইন করা অন্যান্য ডিভাইস;
- বিধিনিষেধযুক্ত এবং/অথবা বিপন্ন প্রাণীর প্রজাতি এবং তাদের থেকে প্রাপ্ত পণ্যের ব্যবসা;
- ক্রাউডফান্ডিং বা অনুদান-ভিত্তিক পরিষেবা;
- ক্রেডিট কাউন্সেলিং বা ক্রেডিট রিপেয়ার সংস্থা;
- ক্রেডিট সুরক্ষা বা পরিচয় চুরির থেকে সুরক্ষা সংক্রান্ত পরিষেবা;
- দেউলিয়া অ্যাটর্নি বা কালেকশন সংস্থা যা ঋণ সংগ্রহে নিযুক্ত;
- ক্রিপ্টোকারেন্সি বা অন্য কোনো ভার্চুয়াল মুদ্রার বিনিময় বা বাণিজ্যের সাথে জড়িত কোম্পানি;
- এসক্রো পরিষেবা;

- পেমেন্ট ফ্যাসিলিটেটর, আর্থিক পরিষেবা সংক্রান্ত ব্যবসা, পিয়ার-টু-পিয়ার লেনদেন, প্রিপেইড কার্ড, চেকের বিমা বা অন্যান্য আর্থিক পণ্য বা পরিষেবা সহ আর্থিক প্রতিষ্ঠান এবং আর্থিক পণ্য, পরিষেবা এবং জামানত;

- বয়স সংক্রান্ত বিধিনিষেধ আরোপ করা পণ্যের ইন্টারনেট/মেইল অর্ডার/টেলিফোন অর্ডার (যেমন, তামাক);
- মাল্টি-লেভেল মার্কেটিং ব্যবসা, পিরামিড স্কিম এবং রেফারেল মার্কেটিং;
- টেলিমার্কেটিং সেলস সহ উচ্চ-ঝুঁকি সম্পন্ন পণ্য এবং পরিষেবা;
- রিয়েল এস্টেট লেনদেন ও পরিষেবাসমূহ।

গ. বিধিনিষেধযুক্ত ব্যক্তি এবং অঞ্চল: আইন অনুযায়ী, আমরা নির্দিষ্ট কিছু দেশে এবং নির্দিষ্ট কিছু ব্যক্তিকে পরিষেবা প্রদান করতে পারব না। আপনি যদি এমন কোনো অঞ্চলে অবস্থান করেন বা সেখানে টাকা পাঠাতে চান, যেখানে আমাদের পরিষেবা প্রদান করা আইনত নিষিদ্ধ, তাহলে আপনি আমাদের পরিষেবা ব্যবহার করতে পারবেন না। এ বিষয়ে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে [যুক্তরাজ্য সরকারের ওয়েবসাইটে](https://www.gov.uk/government/publications/financial-sanctions-consolidated-list-of-targets) প্রকাশিত বিশেষভাবে মনোনীত নাগরিকদের তালিকা এবং অসহযোগী দেশ ও অঞ্চলগুলির তালিকা দেখুন।

ঘ. তথ্যের যথার্থতা: আপনি নিজের এবং আপনার লেনদেন সম্পর্কে সঠিক, বর্তমান এবং সম্পূর্ণ তথ্য প্রদান করতে এবং তা সঠিক, বর্তমান এবং সম্পূর্ণ রাখার জন্য অবিলম্বে সমস্ত তথ্য আপডেট করতে সম্মত হচ্ছেন।

ঙ. ক্ষতির দায়বদ্ধতা: কোনো সদস্যের নিম্নলিখিত কারণে উদ্ভূত যেকোনো খরচের জন্য আপনি Remitly Group-কে অবিলম্বে পেমেন্ট করতে দায়বদ্ধ:

1. আপনার দ্বারা এই চুক্তি লঙ্ঘন;
2. আপনার কার্যকলাপ বা নিষ্ক্রিয়তার কারণে সৃষ্ট বিবাদ বা মামলা; অথবা
3. প্রযোজ্য আইন কিংবা কোনো তৃতীয় পক্ষের অধিকারের প্রতি আপনার অবহেলা বা লঙ্ঘন।

এছাড়াও, এই চুক্তির শর্ত লঙ্ঘনের বিষয়টি মোকাবিলা করার জন্য আপনাকে খুঁজে বের করতে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে, অথবা আপনার কাছ থেকে আমাদের প্রাপ্য অর্থ আদায় করতে আমাদের যা খরচ হবে, তা আপনি

আমাদের পরিশোধ করতে সম্মত হচ্ছেন।

চ. এই ধারায় পরিবর্তন: আমরা যেকোনো সময় এই ধারাটি সংশোধন করতে পারি। আমরা নিয়মিতরূপে এই পেজটি দেখার পরামর্শ দিই কারণ এটি আপনার জন্য আইনিভাবে বাধ্যতামূলক।

11. সম্মতি এবং যাচাইকরণ

ক. KYB সংক্রান্ত তথ্য: আপনাকে অবশ্যই KYB সংক্রান্ত সম্মতির জন্য প্রয়োজনীয় সঠিক এবং সম্পূর্ণ তথ্য প্রদান করতে হবে এবং এই তথ্যের যেকোনো পরিবর্তন অবিলম্বে আপডেট করতে হবে।

খ. সম্মতি পর্যালোচনা: আমরা এই চুক্তি এবং প্রযোজ্য আইনের প্রতি আপনার আনুগত্য যাচাই করার জন্য সম্মতি পর্যালোচনা এবং অডিট পরিচালনা করার অধিকার সংরক্ষণ করি।

12. ফি এবং পেমেন্ট

পরিষেবাগুলির জন্য ফি-এর ব্যাপারে আপনাকে জানানো হবে এবং সময়ে সময়ে তা আপডেট করা হতে পারে। আপনি ব্যবহৃত পরিষেবাগুলির জন্য সমস্ত প্রযোজ্য ফি দিতে সম্মত হচ্ছেন।

আমাদের পরিষেবার জন্য ফি আপনার অ্যাকাউন্টের ড্যাশবোর্ডে বা একটি পৃথক ফি শিডিউলে নির্দিষ্ট করা হবে। আপনার লেনদেনের সাথে সম্পর্কিত সমস্ত ফি এবং যেকোনো প্রযোজ্য ট্যাক্স পরিশোধের দায়িত্ব আপনার।

লেনদেনের সীমা: আপনার দ্বারা আমাদের পরিষেবা ব্যবহারের উপর লেনদেনের সীমা প্রযোজ্য হতে পারে, যা আপনার সম্মতির স্ট্যাটাস, লেনদেনের ইতিহাস এবং আমাদের ঝুঁকি মূল্যায়নের উপর ভিত্তি করে পরিবর্তিত হতে পারে। আমরা নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা এবং আমাদের ঝুঁকি ব্যবস্থাপনার নীতি অনুসারে এই সীমাগুলি সামঞ্জস্য করার অধিকার সংরক্ষণ করি।

13. এই চুক্তির সময়কাল এবং সমাপ্তি

এই চুক্তির সময়কাল। আপনি যখন এই চুক্তির ইলেকট্রনিক ভার্সনটি গ্রহণ করবেন অথবা পরিষেবাগুলি ব্যবহার করা শুরু করবেন (যেমন, আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপের মাধ্যমে পরিষেবাগুলির জন্য নিবন্ধন করার সময়), তখন থেকেই এই চুক্তি কার্যকর হবে। উভয় ক্ষেত্রেই, সেটিই শুরুর তারিখ। এই চুক্তিটি আপনার বা আমাদের দ্বারা বাতিল না করা পর্যন্ত অব্যাহত থাকবে। এই চুক্তি কতদিন বহাল থাকবে তার কোনো ন্যূনতম সময়সীমা নেই।

যেকোনো কারণে এই চুক্তিটি যেভাবে শেষ করবেন। আপনি যেকোনো সময় এবং যেকোনো কারণে [আমাদের সাথে যোগাযোগ করে](https://www.remitly.com/gb/en/home/agreement#2-how-we-communicate-with-you) এবং আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট বন্ধ করে এই চুক্তি বাতিল করতে পারেন।

এছাড়াও আমরা আপনাকে অন্তত 2 মাস আগে লিখিত নোটিশ প্রদান করে যেকোনো সময় এবং যেকোনো কারণে এই চুক্তিটি বাতিল করতে পারি।

এই চুক্তিটি শেষ হলে কী হবে। যখন এই চুক্তিটি শেষ হবে তখন:

1. আপনাকে অবিলম্বে পরিষেবার ব্যবহার বন্ধ করতে হবে,

2. চুক্তি শেষ হওয়ার আগে আমাদের কাছে আপনার সমস্ত বকেয়া ফি পরিশোধ করার জন্য আপনি এখনও দায়ী থাকবেন,

3. এই চুক্তির অধীনে আপনাকে প্রদত্ত সমস্ত লাইসেন্স অবিলম্বে শেষ হয়ে যাবে,

4. আমাদের পরিষেবা ব্যবহারের জন্য আপনার সংরক্ষিত সমস্ত তথ্য এবং অ্যাকাউন্টের ডেটা আমরা মুছে ফেলতে পারি (আইন অনুসারে নির্দিষ্ট সময়ের জন্য আমাদের এটি সংরক্ষণ করার প্রয়োজন বাদে), এবং

5. পরিষেবায় অ্যাক্সেস করতে না পারার কারণে বা আপনার তথ্য বা অ্যাকাউন্টের ডেটা মুছে ফেলার কারণে উদ্ভূত কোনো সমস্যার জন্য আমরা আপনার বা কোনো তৃতীয় পক্ষের কাছে দায়বদ্ধ থাকব না।

শর্তাবলি যা এখনও প্রযোজ্য হবে।এই চুক্তির যেকোনো ধারা যা এই চুক্তির উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয়, তা এই চুক্তি শেষ হওয়ার পরেও কার্যকর থাকবে।

14. আমাদের পরিষেবা বা এই চুক্তিতে পরিবর্তন

আমাদের পরিষেবায় পরিবর্তন রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা সংক্রান্ত হুমকির সমাধান, সহায়তার নতুন কন্টেন্ট, বাগ সংশোধন, আপগ্রেড বা পরিষেবায় অন্যান্য সাধারণ পরিবর্তনের কারণে আমরা নতুন পরিষেবা বা বিদ্যমান পরিষেবাগুলির আপডেট অফার করতে পারি। আমরা আপনাকে ডিজিটাল কন্টেন্ট (যেমন আমাদের মোবাইল অ্যাপ) আপডেট করারও নির্দেশ দিতে পারি, তবে যেকোনো আপডেট আপনার প্রাথমিকভাবে এটি ব্যবহার করার সময় আমরা যে বর্ণনা দিয়েছিলাম তার সাথে মিলবে। এই চুক্তিটি এই ধারায় বর্ণিত সমস্ত অতিরিক্ত পরিষেবার ক্ষেত্রে প্রযোজ্য, তবে আমরা আপনাকে অতিরিক্ত শর্তাবলী সম্পর্কেও অবহিত করতে পারি যা আমরা যখন সেই পরিষেবাগুলি উপলভ্য করব তখন প্রযোজ্য হবে।

এই চুক্তিতে সাধারণ পরিবর্তন। আমরা ভবিষ্যতে এই চুক্তিতে নিচের **সাধারণ পরিবর্তনগুলির** মধ্যে যেকোনো একটি করতে পারি, যার উদ্দেশ্য হল:

1. এমন কোনো পরিবর্তন করা, যা হয় আপনার জন্য সুবিধাজনক হবে অথবা এই চুক্তির অধীনে আপনার অধিকার ও দায়বদ্ধতার ওপর কোনো নেতিবাচক প্রভাব ফেলবে না;

2. ভুল, বাদ পড়া বিষয়, অসংগতি বা অস্পষ্টতা সংশোধন করা;

3. আমাদের ব্যবসা বা Remitly Group-এর কাঠামোগত পরিবর্তন প্রতিফলিত করা;

4. আমাদের ব্যবসায় নতুন তথ্যপ্রযুক্তি (IT) বা অন্যান্য প্রক্রিয়া চালু হওয়ার ফলে পরিষেবার ক্ষেত্রে যে পার্থক্য তৈরি হয়, তা ব্যাখ্যা করা;

5. অন্যান্য Remitly ব্যবহারকারীদের চাহিদা বা প্রয়োজনীয়তার পরিবর্তন প্রতিফলিত করা;

6. আইন বা নিয়মে পরিবর্তন প্রতিফলিত করা,

7. ভোক্তা সুরক্ষা আরও উন্নত করে, আমাদের শিল্পখাতের এমন প্রচলিত মানসম্মত অনুশীলনগুলি আমাদের দ্বারা অনুসরণ করার বিষয়টি নিশ্চিত করা;

8. আমাদের তৃতীয় পক্ষের পরিষেবা প্রদানকারীদের সঙ্গে করা চুক্তিগুলির পরিবর্তন প্রতিফলিত করা, অথবা

9. নির্দিষ্ট কোনো পরিষেবা প্রদান করার ক্ষেত্রে আমাদের যে অভ্যন্তরীণ খরচ হয়, তার যৌক্তিক বৃদ্ধি বা হ্রাস প্রতিফলিত করা।

এই চুক্তিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন। আমরা এই চুক্তিতে **গুরুত্বপূর্ণ পরিবর্তনও** করতে পারি, এটি হল এমন একটি

পরিবর্তন যা:

1. এই চুক্তির অধীনে আপনার অধিকার ও দায়বদ্ধতার ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে,
2. আমাদের আইনি এবং/অথবা নিয়ন্ত্রক সংক্রান্ত বাধ্যবাধকতা পূরণের জন্য প্রয়োজনীয়, অথবা
3. নতুন কোনো পণ্য বা পরিষেবা, অথবা বিদ্যমান কোনো পরিষেবার পরিবর্তনের সাথে সম্পর্কিত।

পরিবর্তনগুলি সম্পর্কে আমরা যেভাবে আপনাকে অবহিত করব। আমরা এই চুক্তিতে কোনো সাধারণ পরিবর্তন করলে, আমাদের ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপে এই চুক্তির নতুন ভার্সন প্রকাশ করার মাধ্যমে আপনাকে অবহিত করব, সেখানে চুক্তিটি আপডেট করার তারিখও উল্লেখ থাকবে। এই চুক্তিতে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন আনার আগে আমরা যথাসম্ভব যুক্তিসংগত সময়ের আগেই আপনাকে অবহিত করব এবং সাধারণত অন্তত দুই মাস আগে আপনাকে জানাব। আমাদের ওয়েবসাইটে নতুন ভার্সনটি প্রকাশিত হওয়ার পর, অথবা গুরুত্বপূর্ণ পরিবর্তনের বিষয়ে নোটিশের মেয়াদ শেষ হওয়ার পর, আপনি যদি আমাদের পরিষেবা ব্যবহার করা চালিয়ে যান, তাহলে ধরে নেওয়া হবে যে আপনি এই চুক্তির নতুন ভার্সনটি গ্রহণ করেছেন।

আপনি যদি কোনো পরিবর্তনের সঙ্গে একমত না হন। এই চুক্তির কোনো পরিবর্তনের সঙ্গে আপনি একমত না হলে, আপনি আমাদের পরিষেবা ব্যবহার বন্ধ করতে পারেন এবং আপনার ব্যবসায়িক অ্যাকাউন্ট বন্ধ করে ও [আমাদের সাথে যোগাযোগ করে](https://www.remitly.com/gb/en/home/agreement#2-how-we-communicate-with-you) এই চুক্তিটি সম্পূর্ণরূপে শেষ করতে পারেন।

15. মেধাসম্পদ

আমাদের মেধাসম্পদ। আমাদের ওয়েবসাইটের কনটেন্ট, মোবাইল অ্যাপ, টেক্সট, গ্রাফিক্স, লোগো ও ছবি এবং Remitly-র অন্যান্য কপিরাইট, ট্রেডমার্ক, লোগো ও পণ্য এবং পরিষেবার নাম সহ পরিষেবাগুলির এককভাবে মালিকানা আমাদের, Remitly Group-এর কোনো সদস্য অথবা আমাদের কোনো পার্টনারের। আমরা আপনাকে শুধুমাত্র আপনার ব্যক্তিগত ও অবাণিজ্যিক ব্যবহারের জন্য আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপের পেজ দেখার এবং সেগুলির একটি কপি সংরক্ষণ করার অনুমতি দিচ্ছি।

আপনার লাইসেন্স মঞ্জুরি। আপনি যদি পরিষেবাগুলি ব্যবহার করার সময় আমাদের সফটওয়্যার ব্যবহার করেন, তবে আমরা এবং আমাদের লাইসেন্সদাতারা আপনাকে এই চুক্তির শর্তাবলির সাথে সামঞ্জস্য রেখে শুধুমাত্র সফটওয়্যার এবং পরিষেবাগুলি ব্যবহার করার জন্যই একটি লাইসেন্স প্রদান করি। এই লাইসেন্সটি শুধুমাত্র

আপনার জন্য ব্যক্তিগত, সীমিত, নন-এক্সক্লুসিভ, প্রত্যাহারযোগ্য, অ-হস্তান্তরযোগ্য এবং সাব-লাইসেন্স প্রদানের অযোগ্য। এই চুক্তির মাধ্যমে কোনো সময়েই আমাদের মেধাস্বত্বের ওপর বা তার ক্ষেত্রে আপনাকে অন্য কোনো অধিকার বা লাইসেন্স প্রদান করা হয় না, তা সেই মেধাসম্পদের অধিকার বর্তমানে বিদ্যমান থাকুক বা ভবিষ্যতে সৃষ্টি হোক।

আমাদের মেধাসম্পদ ব্যবহারের ক্ষেত্রে বিধিনিষেধ। আমাদের পরিষেবা ব্যবহার করার সময়, আপনি নিম্নলিখিত কাজগুলি না করতে সম্মত হচ্ছেন:

1. আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপে (অথবা সেগুলির মুদ্রিত পেজেগুলিতে) প্রদর্শিত কোনো লেখক, ট্রেডমার্ক বা অন্যান্য মালিকানা সংক্রান্ত নোটিশ সরিয়ে ফেলা বা পরিবর্তন করা;

2. এই চুক্তিতে স্পষ্টভাবে অনুমোদিত নয়, এমন কোনো উপায়ে আমাদের মেধাসম্পদ প্রদর্শন, ব্যবহার,কপি বা পরিবর্তন করা, অথবা

3. আমাদের অথবা কোনো তৃতীয় পক্ষের মেধাসম্পদ বা গোপনীয়তার অধিকার লঙ্ঘন করা।

আপনার মতামত জানানো। আপনি যদি আমাদের পরিষেবাগুলি সম্পর্কে কোনো পরামর্শ, মতামত বা পর্যালোচনা (**মতামত**) প্রদান করেন, তাহলে আপনি সেই মতামতের ওপর থাকা সমস্ত অধিকার, মালিকানা ও স্বত্ব আইনত Remitly Group-এর কাছে হস্তান্তর করতে সম্মত হচ্ছেন। আমরা কোনো বিধিনিষেধ ছাড়াই আপনার মতামত ব্যবহার করতে পারি, যেমন বিপণন বা ব্যবসায়িক উদ্দেশ্যে। এছাড়াও, Remitly Group যাতে বৈধভাবে আপনার মতামতের মালিকানা লাভ করতে পারে, তা নিশ্চিত করার জন্য প্রয়োজনে আপনি আমাদের সহায়তা করতে সম্মত হচ্ছেন।

164. আমাদের দাবিত্যাগ

পরিষেবাটির সাধারণ দাবিত্যাগ। আমরা পরিষেবাটি সঠিকভাবে কাজ করছে কি না তা নিশ্চিত করার চেষ্টা করি, তবে এটি যে সর্বদা নিরবচ্ছিন্ন, সুরক্ষিত, সময়োপযোগী বা ত্রুটিমুক্ত থাকবে, তার নিশ্চয়তা দিতে পারি না। এছাড়াও, আমাদের ওয়েবসাইট, মোবাইল অ্যাপ বা পরিষেবাগুলিকে প্রভাবিত করতে পারে এমন কোনো ভাইরাস বা ক্ষতিকর প্রযুক্তির জন্য আমরা দায়ী নই।

বিনামূল্যে ডিজিটাল কনটেন্ট। আমরা যদি আপনাকে কোনো খরচ ছাড়াই ডিজিটাল কনটেন্ট (যেমন আমাদের মোবাইল অ্যাপ) প্রদান করি, তাহলে তা কোনো প্রকার ওয়ারেন্টি ছাড়াই "যেমন আছে" ভিত্তিতে প্রদান করা হবে।

এই বিনামূল্যের ডিজিটাল কনটেন্ট ব্যবহার করার ফলে আপনার যেকোনো ক্ষতি বা লোকসানের জন্য আমরা দায়ী নই।

আপনার পরিষেবা প্রদানকারীদের ব্যবহার। আমাদের পরিষেবার সঙ্গে আপনি যে পরিষেবা প্রদানকারীদের ব্যবহার করেন, তাদের তথ্যের নির্ভুলতা, সম্পূর্ণতা বা উপযোগিতার জন্য আমরা কোনো নিশ্চয়তা দিই না এবং দায়ীও নই। যেকোনো পরিষেবা প্রদানকারীকে বেছে নেওয়ার বিষয়টি আপনার নিজস্ব সিদ্ধান্তের ওপর নির্ভর করে এবং আমাদের পরিষেবা আপনার সরঞ্জামের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে কি না, তার নিশ্চয়তা আমরা দিতে পারি না। আমাদের পরিষেবা ব্যবহারের আগে আপনার পরিষেবা প্রদানকারীদের সম্পর্কে ভালোভাবে খোঁজখবর নেওয়ার জন্য আমরা আপনাকে দৃঢ়ভাবে উৎসাহিত করি।

ডেটা নিরাপত্তা ব্যবস্থা। আমরা আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখার জন্য যথাযথ পদক্ষেপ নিয়ে থাকি, তবে অননুমোদিত কোনো তৃতীয় পক্ষ যে আমাদের সেই নিরাপত্তা ব্যবস্থা ভেদ করতে পারবে না এবং আপনার ব্যক্তিগত ডেটা অ্যাক্সেস করতে পারবে না, তার নিশ্চয়তা আমরা দিতে পারি না। আমাদের কাছে আপনার যেকোনো ব্যক্তিগত তথ্য আপনি নিজের ঝুঁকিতেই প্রদান করবেন।

তৃতীয় পক্ষের ওয়েবসাইট এবং কন্টেন্ট। আমাদের ওয়েবসাইটে উপলভ্য অন্য কোনো ওয়েবসাইট বা তৃতীয় পক্ষের কন্টেন্টের যেকোনো বাহ্যিক লিঙ্ক শুধুমাত্র সুবিধার জন্য দেওয়া হয়েছে এবং তা ব্যবহারের ঝুঁকি আপনার নিজের। কোনো তৃতীয় পক্ষের ওয়েবসাইট বা কন্টেন্টের নির্ভুলতা, সম্পূর্ণতা, বৈধতা বা অন্য কোনো দিকের প্রতি আমরা সমর্থন জানাই না, সেগুলি নিয়ন্ত্রণ করি না এবং সেগুলির জন্য আমাদের কোনো দায়বদ্ধতাও নেই।

17. ক্ষতির দায়বদ্ধতা

আপনি যে বিষয়গুলির জন্য দায়ী। কোনো সদস্যের নিম্নলিখিত কারণে উদ্ভূত যেকোনো খরচের জন্য আপনি Remitly Group-কে অবিলম্বে পেমেন্ট করতে দায়বদ্ধ:

1. আপনার দ্বারা এই চুক্তি লঙ্ঘন;
2. আপনার কার্যকলাপ বা নিষ্ক্রিয়তার কারণে সৃষ্ট বিবাদ বা মামলা; অথবা
3. প্রযোজ্য আইন কিংবা কোনো তৃতীয় পক্ষের অধিকারের প্রতি আপনার অবহেলা বা লঙ্ঘন।

এছাড়াও, এই চুক্তির শর্ত লঙ্ঘনের বিষয়টি মোকাবিলা করার জন্য আপনাকে খুঁজে বের করতে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে, অথবা আপনার কাছ থেকে আমাদের প্রাপ্য অর্থ আদায় করতে আমাদের যা খরচ হবে, তা আপনি আমাদের পরিশোধ করতে সম্মত হচ্ছেন।

আপনার প্রতি আমাদের সাধারণ দায়বদ্ধতা। যদি আমরা এই চুক্তিটি লঙ্ঘন করি অথবা এর অধীনে আমাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে যথাযথ দক্ষতা ও সতর্কতা অবলম্বন করতে ব্যর্থ হই, তাহলে আপনি যে অনুমানযোগ্য ক্ষতি বা লোকসানের শিকার হবেন, তা পরিশোধ করার জন্য আমরা দায়ী থাকব।

যেসব ক্ষেত্রে আমরা সম্পূর্ণরূপে দায়বদ্ধ। আমাদের কাজ, ত্রুটি বা অবহেলার কারণে এবং আমাদের প্রতারণা বা প্রতারণামূলক ভুল উপস্থাপনার কারণে হওয়া মৃত্যু বা শারীরিক আঘাতের ফলে আপনার ক্ষতি হলে, এই চুক্তির অধীনে আমরা আপনার কাছে সীমাহীনভাবে দায়বদ্ধ থাকব।

যেসব বিষয়ে আমরা দায়ী নই। আমাদের কোনো দোষের কারণে নয়, এমন কোনো ক্ষতির জন্য (আপনাকে অর্থ ফেরত প্রদান করাও যার অন্তর্ভুক্ত) আমরা দায়ী নই, অথবা নিম্নলিখিত কারণে যে ক্ষতিগুলি ঘটে, তার জন্যও আমরা দায়ী নই:

1. আমাদের নিয়ন্ত্রণের বাইরে কোনো ঘটনা ঘটার কারণে আমরা এই চুক্তির অধীনে আমাদের দায়িত্ব পালনে বিলম্ব করি বা তা পালনে অক্ষম হই, যার মধ্যে বর্তমান আইন বা বিধিবিধান মেনে চলা অথবা সেগুলির ভবিষ্যৎ পরিবর্তন মেনে চলাও অন্তর্ভুক্ত, অথবা
2. আমাদের পরিষেবার জন্য পেমেন্ট করার সময় আপনি Remitly ছাড়া অন্য কাউকে টাকা পাঠান।

আপনার জন্য উপলভ্য অন্যান্য অধিকার। আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্টের প্রদানকারীর সঙ্গে আপনার চুক্তির অধীনে অথবা আইন অনুযায়ী আপনার অতিরিক্ত অধিকার ও সুরক্ষা থাকতে পারে (যেমন, প্রযোজ্য ক্ষেত্রে, কনজিউমার ক্রেডিট অ্যাক্ট 1974-এর ধারা 75 অনুযায়ী নির্দিষ্ট কিছু ক্ষতির জন্য আপনার ক্রেডিট কার্ড প্রদানকারীকে দায়ী করা যেতে পারে)। অতিরিক্ত সুরক্ষা সম্পর্কে জানতে, আপনার পেমেন্ট ইন্সট্রুমেন্টের প্রদানকারীর সঙ্গে আপনার চুক্তিটি পর্যালোচনা করার পরামর্শ দিচ্ছি।

ব্যবসায়িক ক্ষতির জন্য কোনো দায়বদ্ধতা নেই। আমরা অথবা আমাদের পার্টনাররা (যার মধ্যে আমাদের এবং তাদের গ্রুপ কোম্পানি, কর্মকর্তা, প্রতিনিধি, পার্টনার, ঠিকাদার এবং কর্মচারীরা অন্তর্ভুক্ত) আপনার কোনো মুনাফা হারানো, ব্যবসায়িক ক্ষতি, ব্যবসায়িক কার্যক্রমে বিঘ্ন বা ব্যবসায়িক সুযোগ হারানোর জন্য দায়বদ্ধ নই।

ত্রুটিপূর্ণ পেইড ডিজিটাল কনটেন্ট। আপনি যদি আমাদের কাছ থেকে ডিজিটাল কনটেন্ট (**পেইড ডিজিটাল কনটেন্ট**) কেনেন এবং তাতে কোনো ত্রুটি থাকে, তাহলে সেই ত্রুটির জন্য আমরা দায়ী থাকব এবং পরিস্থিতি অনুযায়ী হয় সেটি মেরামত করব, প্রতিস্থাপন করব অথবা আপনাকে ক্ষতিপূরণ দেবো। পেইড ডিজিটাল কনটেন্টের কারণে আপনার মালিকানাধীন অন্য কোনো সামগ্রীর ক্ষতি হলেও আমরা দায়ী থাকব এবং হয় সেই ক্ষতি মেরামত করব অথবা আপনাকে ক্ষতিপূরণ প্রদান করব। আমাদের নির্দেশাবলী অনুসরণ করে পেইড ডিজিটাল কনটেন্ট ইনস্টল ও ব্যবহার করা (যেমন বিনামূল্যের আপডেট ইনস্টল করা) অথবা সিস্টেমের ন্যূনতম প্রয়োজনীয়তা মেনে চলার মাধ্যমে যদি ক্ষতি এড়ানো যেত, তবে তার জন্য আমরা দায়ী নই।

18. বিবাদ কীভাবে নিষ্পত্তি করা হবে

আমরা আশা করি আপনি আমাদের পরিষেবা উপভোগ করবেন, তবে আপনার এবং আমাদের মধ্যে কোনো বিবাদ দেখা দিলে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন যাতে আমরা আপনার উদ্বেগগুলি বুঝতে এবং সমাধান করতে পারি। uk-complaints@remitly.com এ ইমেইল করে যোগাযোগ করুন, অথবা [এখানে](https://www.remitly.com/gb/en/home/agreement#2-how-we-communicate-with-you) দেওয়া বিবরণ ব্যবহার করে টেলিফোনে যোগাযোগ করুন। ডাকযোগে যেকোনো অভিযোগ আমাদের কার্যনির্বাহী ঠিকানায় পাঠানো যেতে পারে: 90 Whitfield Street, London W1T 4EZ, United Kingdom। আমরা আনুষ্ঠানিক আইনি মামলা-সংক্রান্ত দাবিগুলি আমাদের নিবন্ধিত ঠিকানা 78 Cannon Street, London EC4N 6AF, United Kingdom-এ পাঠানোর জন্য অনুরোধ করছি।

বিকল্প বিবাদ নিষ্পত্তি। আপনি যদি আমাদের পক্ষ থেকে আপনার অভিযোগের সমাধান নিয়ে সন্তুষ্ট না হন, তবে আদালতে যাওয়া ছাড়াই বিষয়টি সমাধান করার চেষ্টা করার জন্য আপনি কোনো বিকল্প বিবাদ নিষ্পত্তি প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারেন। আপনি যুক্তরাজ্যের ফিন্যান্সিয়াল ওম্বুডসম্যান সার্ভিস (FOS)-এর কাছে অভিযোগ জানাতে পারেন; এটি একটি বিনামূল্যে পরিষেবা প্রদানকারী স্বাধীন সংস্থা, যা আপনার এবং আমাদের মধ্যকার অভিযোগের নিষ্পত্তি করতে সহায়তা করতে পারে। আরও তথ্য এবং FOS-এর যোগাযোগের বিবরণ www.financial-ombudsman.org.uk ওয়েবসাইটে পাওয়া যাবে। আপনি ফলাফলে সন্তুষ্ট না হলে, Remitly-এর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারেন।

যেসব অন্যান্য স্থান থেকে আপনি সহায়তা পেতে পারেন। আপনার আইনি অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য, আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস বিভাগ অথবা সিটিজেনস অ্যাডভাইস ব্যুরোর সঙ্গে যোগাযোগ করুন।

পরিচালনাকারী আইন এবং কোথায় আইনি কার্যবিধি শুরু করতে হবে। এই চুক্তি এবং এর সাথে সম্পর্কিত যেকোনো বিবাদ বা দাবি ইংরেজি আইন দ্বারা পরিচালিত হবে। আপনি এবং আমরা উভয়ই একমত যে, আপনার বসবাসের স্থানের ওপর নির্ভর করে, যেকোনো দাবি বা বিবাদ নিষ্পত্তির জন্য কেবল ইংল্যান্ড ও ওয়েলস, উত্তর আয়ারল্যান্ড অথবা স্কটল্যান্ডের আদালতেরই একচ্ছত্র এখতিয়ার থাকবে।

19. অন্যান্য গুরুত্বপূর্ণ শর্তাবলি

অধিকার পরিত্যাগ না করা। যদি কোনো পক্ষ এই চুক্তি অনুযায়ী তাদের কোনো অধিকার প্রয়োগ করতে বিলম্ব করে বা তা প্রয়োগ না করে, তবে তার অর্থ এই নয় যে তারা সেই অধিকারটি ত্যাগ করেছে; বরং ভবিষ্যতে তারা তা প্রয়োগ করতে পারবে। উদাহরণস্বরূপ, যদি কোনো পেমেন্টের সময় হওয়ার পরও আপনি তা পেমেন্ট না করেন, কিন্তু আমরা আপনাকে পরিষেবা প্রদান অব্যাহত রাখি, তাহলেও আমরা ভবিষ্যতে আপনার কাছ থেকে সেই পেমেন্টের দাবি জানাতে পারি।

কোনো প্রতিনিধিত্বমূলক সম্পর্ক নয়। এই চুক্তি আপনার এবং আমাদের মধ্যে কোনো অংশীদারিত্ব বা প্রতিনিধিত্বমূলক সম্পর্ক তৈরি করে না। আমাদের পূর্বলিখিত সম্মতি ছাড়া, আপনি কোনো তৃতীয় পক্ষের সঙ্গে এমন কোনো চুক্তি বা মীমাংসায় প্রবেশ করতে পারবেন না, যা আমাদের অধিকারকে প্রভাবিত করে বা কোনোভাবে আমাদেরকে আইনত বাধ্যবাধকতার আওতায় আনে।

বিচ্ছিন্নযোগ্যতা। কোনো আদালত বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যদি সিদ্ধান্ত নেয় যে এই চুক্তির কোনো ধারা বেআইনি, তাহলে অবশিষ্ট ধারাগুলি সম্পূর্ণরূপে কার্যকর থাকবে।

অ্যাসাইনমেন্ট। আমরা এই চুক্তির অধীনে আমাদের অধিকার ও দায়বদ্ধতাগুলি অন্য কোনো সংস্থার কাছে হস্তান্তর করতে পারি, তবে সে বিষয়ে আপনাকে আগে থেকেই জানাতে আমরা আপনার সঙ্গে যোগাযোগ করব। যদি আপনি প্রস্তাবিত হস্তান্তরের সাথে একমত না হন, তবে আপনি [আমাদের সাথে যোগাযোগ করে](https://www.remitly.com/gb/en/home/agreement#2-how-we-communicate-with-you) পরিষেবাটির ব্যবহার বন্ধ করতে পারেন এবং আপনার ব্যবসায়িক অ্যাকাউন্টটি বন্ধ করে দিতে পারেন। আমরা লিখিতভাবে স্পষ্ট সম্মতি দিলেই কেবল আপনি এই চুক্তি অনুযায়ী আপনার অধিকার ও দায়বদ্ধতাগুলি অন্য কোনো ব্যক্তির কাছে হস্তান্তর করতে পারবেন। তবে, এর ফলে আমাদের আইনি বা নিয়ন্ত্রক সংক্রান্ত বাধ্যবাধকতা লঙ্ঘিত হওয়ার সম্ভাবনা থাকলে, আমরা এতে সম্মতি নাও জানাতে পারি।

তৃতীয় পক্ষের অধিকার। এই চুক্তিটি আপনার, আপনার ব্যবসার এবং আমাদের মধ্যে সম্পাদিত হয়েছে। Remitly Group ছাড়া অন্য কোনো ব্যক্তি বা সংস্থার এই চুক্তির কোনো শর্ত কার্যকর করার অধিকার থাকবে না।